শূন্যপদ : ইস্টার্ন রিজিয়নে — আই.টি.আই. ইলেক্ট্রিশিয়ান ১০টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। ডিপ্লোমা (ইলেক্ট্রিক্যাল) ২০টি (জেনাঃ ১০, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪)। ডিপ্লোমা (সিভিল) ৮টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, ও.বি.সি. ২)। গ্র্যাজুয়েট (ইলেক্ট্রিক্যাল) ১৫টি (জেনাঃ ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩)। গ্র্যাজুয়েট (সিভিল) ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। গ্র্যাজুয়েট (ইলেক্ট্রনিক্স / টেলিকম) ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। গ্র্যাজুয়েট (কম্পিউটার সায়েন্স) ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। এইচ.আর. এক্সিকিউটিভ ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। সি.এস.আর. এক্সিকিউটিভ ১টি (জেনাঃ)।

সিকিমে — ডিপ্লোমা (ইলেক্ট্রিক্যাল) ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। ডিপ্লোমা (সিভিল) ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। গ্র্যাজুয়েট (ইলেক্ট্রিক্যাল) ২টি (জেনাঃ)। গ্র্যাজুয়েট (সিভিল) ২টি (জেনাঃ)।

মধ্যপ্রদেশ রিজিয়নে শূন্যপদ ৫৬টি। গুজরাট রিজিয়নে ৫৩টি। কর্ণাটকে ২৮টি, তামিলনাড়ু-৬২টি, কেরল ২২টি, মহারাষ্ট্র ৫৮টি, ছত্তিশগড়ে-৪২টি, মধ্যপ্রদেশ -৪টি, গোয়ায় ৪টি। জম্মু-কাশ্মীর -২৫টি, হরিয়ানা -১৩টি, পঞ্জাব-২২টি, হিমাচলপ্রদেশ -১৫টি, চন্ডীগড় -২টি, লাদাখ -৭৫টি। ওড়িশা ৪৭টি। আন্ধ্রাপ্রদেশ -৪২টি, তেলেঙ্গানা-৩২টি। উত্তরপ্রদেশ ৯০টি, উত্তরাখন্ড ৫টি, দিল্লি ১২টি, হরিয়ানা -৫৬টি, উত্তরপ্রদেশ ১৮টি। অরুণাচলপ্রদেশ ৩০টি, অসম ৫০টি। বিহার ৫৪টি। ঝাড়খন্ড ২০টি, হরিয়ানা -৪৭টি।

## ১,৪১১ কনস্টেবল

১ পাতার পর

বয়স হতে হবে ১-৭-২০২২'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৯২ থেকে ১-৭-২০০১' এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৭০ (তপশিলী উপজাতি ও পার্বত্য এলাকার বাসিন্দা হলে ১৬৫) সেমি আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮১ সেমি ও ফুলিয়ে ৮৫ সেমি। তপশিলী উপজাতি ও পার্বত্য এলাকার বাসিন্দারা ৫ সেমি বুকের ছাতিতে ছাড় পাবেন। দৃষ্টিশক্তি দরকার ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১২। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা। শূন্যপদ : ১,৪১১টি (জেনাঃ ৫৪৩, ইডব্লু.এস. ১২৮, ও.বি.সি. ৩১৮, তঃজাঃ ২৩৬, তঃউঃজাঃ ৪৫, প্রাঃসঃকঃ ১৪১)।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Constable (Driver)-Male in Delhi Police Examination, 2022'এর পরীক্ষার মাধ্যমে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'কম্পিউটার বেসড পরীক্ষা (সি.বি.ই.)' হবে অক্টোবর মাস নাগাদ। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) পার্ট-এ : জেনারেল ইন্টেলিজেন্স - ২০ নম্বরের ২০টি প্রশ্ন, (২) পার্ট-বি : জেনারেল অ্যাওয়ারনেস ২০ নম্বরের ২০টি প্রশ্ন, (৩) পার্ট-সি : নিউমেরিক্যাল এবিলিটি -১০ নম্বরের ১০টি প্রশ্ন,(৪) পার্ট-ডি : রোড সেন্স, ভেহিক্যাল মেন্টেন্যান্স, ট্রাফিক রুলস, সিগন্যাল, পলিউশন, -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। পরীক্ষায় প্রশ্ন হবে ইংরিজি, হিন্দিতে। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ কাটা হবে। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, হুগলি, বেরহামপুর, গ্যাংটক, ভুবনেশ্বর, রাঁচী, কটক, রৌরকেলা।

কম্পিউটার বেসড পরীক্ষায় সফল হলে 'শারীরিক মাপজোখের পরীক্ষা (PST)' ও 'শারীরিক সক্ষমতার পরীক্ষার (PET)' জন্য ডাকা হবে। তখন সব সার্টিফিকেট পরীক্ষা করা হবে।

শারীরিক মাপজোখের পরীক্ষায় থাকবে — (১) ৩০ বছর বয়স পর্যন্ত প্রার্থীদের বেলায় ৭ মিনিটে ১,৬০০ মিটার এরপর ১১ পাতায়

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর স্বাস্থ্য ক্ষেত্রে প্রচুর কাজ

# কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত প্যারামেডিক্যালের নানান কোর্সে ভর্তি চলছে

**নিজস্ব সংবাদদাতা, কল্যাণী :** কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত Susrijo Institute of Paramedical Technology and Optometry-তে নতুন অ্যাকাডেমিক সেশনে এই ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে : (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক, (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক, (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন, (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি, (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি। (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক, (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান, (১০) ডিপ্লোমা ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ। সবকটি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস শাখার ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ৬ মাসের একটি ব্রিজ কোর্স 'প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি' মূল কোর্সের সাথে একই সঙ্গে করে নিতে হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ।

এখানে মাধ্যমিক যোগ্যতায় ভর্তি নেওয়া হচ্ছে এই কোর্সে : সার্টিফিকেট ইন স্যানিটারি ইন্সপেকশন। এই কোর্সের মেয়াদ ১ বছর। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ।

এখানে ভর্তি হলে ছেলেমেয়েরা ব্যাঙ্ক লোনের সুবিধা পাবে। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied-Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হাসপাতালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। তাই সময় নষ্ট না করে তাড়াতাড়ি ও কিছুটা অভিনব এইসব চাকরির জন্য ভর্তি হতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত এই প্রতিষ্ঠানে। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO), Webel IT Park, Krishnagar, Nadia – 741101 (Near Krishnagar Horticulture Office). ফোন : 9064922886, 7001279061. ওয়েবসাইট : www.sipto.org ই-মেল : www.sipto19@gmail.com

# ম্যাকাউট স্বীকৃত রুরাল ম্যানেজমেন্টের ডিগ্রি কোর্স করে সুনিশ্চিত চাকরি

**নিজস্ব প্রতিনিধি, নরেন্দ্রপুর :** আজ প্রতিটি ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকরা চিন্তিত যে কী নিয়ে গ্রাজুয়েশন করলে সুনিশ্চিত কেরিয়ার পাওয়া যাবে, কোথায় ভর্তি হবে? CCPTR, ম্যাকাউট, গুরুকুল এর যৌথ উদ্যোগে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েদের জন্য শুরু করেছে কর্মসংস্থানমুখী গ্রামোন্নয়ন স্পেশালাইজেশনের রুরাল ম্যানেজমেন্টের বি.বি.এ (ডিগ্রি) কোর্স। ভারতের ৭০% চাকরি গ্রামকেন্দ্রিক। আর বর্তমানে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের অন্যতম প্রধান লক্ষ্য হল গ্রামোন্নয়ন। আর তার জন্য আগামী কয়েক বছরে প্রয়োজন হাজার হাজার গ্রামোন্নয়ন ম্যানেজমেন্টে সুদক্ষ প্রফেশনালদের। এই কোর্স করে তাই সহজেই শিক্ষার্থীরা চাকরির সুযোগ পেতে পারে সরকারি ও বেসরকারি রুরাল ডেভেলপমেন্ট সংস্থা, ব্যাঙ্ক, গ্রামীণ ব্যাঙ্ক, কোঅপারেটিভ, ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট সংস্থা, বীমা, NGO তে। শুরুতে চাকরি পাওয়া যায় মূলত ম্যানেজার, অফিসার বা সুপারভাইজর পদে। গুরুকুলের কলকাতা ক্যাম্পাসে থাকছে রুরাল ম্যানেজমেন্টে ভারতের প্রথিতযশা অধ্যাপকদের কাছ থেকে সরাসরি শিক্ষার সুযোগ। রয়েছে সরকার স্বীকৃত রুরাল ডেভেলপমেন্ট, এগ্রিকালচার কোঅপারেটিভ সংস্থা এবং ব্যাঙ্কিং পরিষেবা, নিজস্ব ফার্ম, মডার্ন ল্যাব, CCTV এর সুরক্ষা সহ ক্যাম্পাস, হোস্টেল পরিষেবা, সর্বোপরি প্রথম বর্ষ থেকেই ইন্ডাস্ট্রি তে হাতে কলমে কাজ শেখার সুযোগ যা ছেলেমেয়েদেরকে কোর্স শেষে চাকরি পাওয়ার সম্ভাবনাকে সুনিশ্চিত করে। তাই সীমিত আসনে ভর্তির জন্য যোগাযোগ করুন এই ঠিকানায় : গুরুকুল এডুটেক এডুকেশন এন্ড রিসার্চ ফাউন্ডেশন, লাঙ্গলবেড়িয়া LASKUS ক্যাম্পাস, নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন এর কাছে, কলকাতা। অথবা সরাসরি ফোন করুন এই নম্বরে : ৯৮০৪৭২০৪২৫, ৭০৫৯৯১৮১৮৬, ৯০৫১৩৫২৩৩৭। ওয়েবসাইট : www.gurukulinstitute.org.in

**রামকৃষ্ণ মঠ, বাগবাজার-এর পরিচালনায় বিভিন্ন কর্মমুখী কোর্সের প্রশিক্ষণ**

1. Computer Training (NIELIT DLC - CCC)
Eligibility : Graduate (after 2021)
কোর্স শেষে MNC IT Company-তে কাজের সুযোগ।
2. Domestic Electrician Training
Eligibility : Madhyamik Pass
কোর্স শেষে Interview-এর সুযোগ।
3. Nursing Assistant Training (GDA) - Skill India Affiliated
Eligibility : Madhyamik Pass
4. Phlebotomist Training (Blood Sample Collector) - Skill India Affiliated
Eligibility : 10+2

এখানে WBCS ও অন্যান্য সরকারি চাকরির জন্য প্রশিক্ষণ দেওয়া হয়। ভর্তি চলছে।

ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন :
(033) 2985 0229, 9073826847
ওয়েবসাইট : www.rkmswanirvar.org

## ২৭ নার্স ও টেকনিশিয়ান

৫ পাতার পর

সংস্থায় অন্তত ৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। পারিশ্রমিক মাসে ২২,০০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**স্টাফ নার্স :** জি.এন.এম. কোর্স পাশরা পশ্চিমবঙ্গ বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। পশ্চিমবঙ্গ রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট-আরবান (এন.ইউ.এইচ.এম.) :** রাজ্য নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এ.এন.এম. বা, জি.এন.এম. কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা ভাষায় ভাষায় জ্ঞান থাকলে যোগ্য। মালদা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৩,০০০ টাকা। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

সব ক্ষেত্রে বয়স গুণতে হবে ১-১-২০২২'র হিসাবে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের মেমো নং : DH&FWS/1471, dated 06.07.2022.

প্রার্থী বাছাই হবে টেস্ট বা ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.wbhealth.gov.in, www.malda.gov.in

দরখাস্ত করার আগে পরীক্ষা ফী বাবদ ১০০ (সংরক্ষিত ক্যাটেগরি হলে ৫০) টাকা ব্যাঙ্কে ট্রান্সফার বা, এন.ই.এফ.টি.'র মাধ্যমে জমা দেবেন এই অ্যাকাউন্ট নম্বরে : 'District Health & Family Welfare Samiti' Malda (Main A/c), Bank Name: Punjab National Bank, Malda, A/c Number 0233010367893, IFSC code - PUNB0023320'. টাকা জমা দেওয়ার পর বা, ট্রান্সফার করার পর রিসিপ্ট নিয়ে নেবেন। পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কম্পিউটার যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (২) অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে), (৩) বাসিন্দা সার্টিফিকেটের প্রমাণপত্র হিসাবে ভোটার আই.ডি. কার্ড, রেশন কার্ড, আধার কার্ড, পাশপোর্ট ইত্যাদি প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল, (৪) টাকা ট্রান্সফার বা, এন.ই.এফ.টি.'র রিসিপ্ট কপি। দরখাস্ত পৌঁছনো চাই ২০ জুলাইয়ের মধ্যে। এই ঠিকানায় : The Secretary, District Health & Family Welfare Samity & Chief Medical Officer of Health, Malda, P.O. - Jhaljhalia (J.R.C), District Malda, Pin-732102.

**প্রগতি ITI-এ ভর্তি বহরমপুর ও কৃষ্ণনগরে**

NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২২ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তির জন্য যোগাযোগ করুন:

কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার

বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700

**SANTIPUR PUBLIC SCHOOL**
(Affiliated to W.B. State Board)
Contact No. : 9851290794 / 9153135804

**Requires**

Vice-Principal ; PGT / TGT for English & Mathematics. Art Teacher; Librarian; PRT; Soft Skills Development Trainer / Groomer; Counsellor; Support Staff.

Required qualifications are as per Govt. norms.

CV must reach us to spsrecruitmentcell@gmail.com within 7 days. For details visit Website : santipurpublicschool.org

Sd/-
President

**NETAJI SUBHAS OPEN UNIVERSITY**
(Recognised by UGC-DEB & Govt. of West Bengal) Approved Study Centre

ভর্তির বিজ্ঞপ্তি

(১) নাজিরপুর রেনবো এডুকেশনাল ইনস্টিটিউট (V-48)
বেজিনগর, মুর্শিদাবাদ, ফোন : 9733070694
(২) বিবেকানন্দ এডুকেশনাল ইনস্টিটিউট (V-56)
ময়নাগুড়ি রোড, জলপাইগুড়ি, ফোন : 8918929973

• অ্যাডভান্স ডিপ্লোমা ইন টেলারিং অ্যান্ড ড্রেস ডিজাইনিং। • অ্যাডভান্সড ডিপ্লোমা ইন নিডিল ওয়ার্ক অ্যান্ড নিটিং (ছেলে ও মেয়ে উভয়ের জন্য)। এই দুটি কোর্স পাশ করার পর স্কুল সার্ভিস কমিশন (SSC)-তে কর্মশিক্ষা বিষয়ে আবেদন করা যায়। • অ্যাডভান্সড ডিপ্লোমা ইন সাইকোলজিক্যাল কাউন্সিলিং। • ২ বছর অ্যাডভান্সড ডিপ্লোমা ইন যোগা ও ন্যাচারোপ্যাথি। • ডিপ্লোমা ইন ফার্মাকোলজি ম্যানেজমেন্ট। • ডিপ্লোমা ইন প্রি-প্রাইমারি টিচার্স এডুকেশন। • ডিপ্লোমা ইন ফায়ার সেফটি অ্যান্ড সিকিউরিটি ম্যানেজমেন্ট। • ডিপ্লোমা ইন ল্যান্ড সার্ভে। • ডিপ্লোমা ইন অর্গানিক এগ্রিকালচার অ্যান্ড হর্টিকালচার। • মডার্ন অফিস ম্যানেজমেন্ট। • ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম। • ডিজাস্টার রিস্ক ম্যানেজমেন্ট। • ডিপ্লোমা ইন মেডিসিন শপ অ্যাসিসট্যান্ট। • ডিপ্লোমা ইন ডি.টি.পি অ্যান্ড নেটওয়ার্কিং / ITA। • আর্ট অ্যান্ড ক্রাফট। • CCTV টেকনিশিয়ন। • মোবাইল ফোন / স্মার্ট ফোন রিপেয়ারিং। • ট্যাক্সেশন / GST। • বিউটি থেরাপি অ্যান্ড হেয়ার ড্রেসিং। • ডিপ্লোমা ইন যোগা এডুকেশন। • ডিপ্লোমা ইন ন্যাচারোপ্যাথি।

**NETAJI SUBHAS OPEN UNIVERSITY**
**PRANAVANANDA INSTITUTE OF MANAGEMENT & TECHNOLOGY**

Diploma / Adv Diploma **BUSINESS & INDUSTRIAL ADMINISTRATION**

Specialisation in HR / Marketing / Office / Retail / Finance / Banking Insurance Logistics / IT-Data Mngt / Digital Mkt. / Travel Tourism / Event / Safety Security / Inventory

D. Voc. Courses 1. Tailoring & Dress Designing, 2. Fire Safety Security 3. Disaster Management, 4. Pre-Primary Teachers'- Montessori, 5. Yoga & Naturopathy 6. Fitness & Sports Mngt, 7. Beautician & Wellness, 8. GST & Tax

• Kolkata - 033 3590 9956 • Diamond Harbour-9331256934
• Barasat-Hridaypur - 9641726951 • Bardhaman - 9679711007
• Farakka - 9732593561 • Khatra-Bankura - 8348297129
• Raiganj - 9382878853 • Purulia - 7584932680 • Malda - 9474653567

Admission Helpline 9331256934 / 9830216056 / 033 3590 9956

Visit : www.pimtonline.in | PIMT TV | Mail:pimtonline@gmail.com

# স্বাস্থ্য পরিষেবায় ৭০০ জন

স্বাস্থ্য পরিষেবার অনলাইন হাসপাতাল সিস্টেম এর জন্য যে ৭০০০ (সাত হাজার) ছেলেমেয়ের প্রশিক্ষণের প্রক্রিয়া শুরু করেছিল **worldrelation.com** তার এই দফায় আরো ৭০০ জন প্রার্থীকে সুযোগ দিচ্ছে। প্রশিক্ষণ নেওয়ার পাশাপাশি যোগ্য প্রার্থীরা সংস্থায় আংশিক কাজ করে মাসিক সর্বাধিক ৯,০০০/- টাকা পর্যন্ত স্টাইপেন্ড পাওয়ার সুযোগ পাবেন। প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীরা যথারীতি কলকাতা সহ ভারতের বিভিন্ন শহরগুলিতে যেখানে প্রকল্পটি কার্যকরি হয়েছে বা হতে চলেছে সেখানে আকর্ষণীয় বেতনে চাকুরির সুযোগ পাবেন।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রার্থীরা (লিখিত পরীক্ষায় ন্যূনতম ৫০%) সম্পূর্ণ বিনামূল্যে নিকটবর্তী কেন্দ্র থেকে অথবা বাড়িতে বসে অনলাইনে প্রশিক্ষণটি নিতে পারেন। লিখিত পরীক্ষা হবে সেপ্টেম্বর মাসে।

**প্রশিক্ষণের মেয়াদ :** ১২ মাস (for Graduate Trainee) এবং ৩ মাস (for Non-Graduate Trainee) প্রার্থীরা নিজ জেলা থেকেই কাজের সুযোগ পেতে পারেন। রেগুলার ছাত্র-ছাত্রীরা পড়াশোনার পাশাপাশি এই প্রশিক্ষণটি করার সুযোগ পাবেন।

ডাকযোগে আবেদন করতে **worldrelation.com/form.pdf** এই লিঙ্ক থেকে আবেদন পত্রটি ডাউনলোড করুন (পাঠানোর নিয়মাবলী আবেদন পত্রে উল্লেখ করা আছে)। worldrelation.com এর career লিঙ্কটি ব্যবহার করে online এ আবেদন করতে পারেন।

**আবেদন করার শেষ তারিখ : 25th July 2022**

**যোগ্যতা :** গ্র্যাজুয়েট বা, তদূর্ধ্ব (for Graduate Trainee) এবং মাধ্যমিক বা, তদূর্ধ্ব (for Non-Graduate Trainee)

**বয়সসীমা :** ১৭ থেকে ৩৫ বছর।

**Worldrelation.com**
System Solutions Building (Gr Floor), 36/1, Rabindrapath, Birati. Kolkata - 700051
Mobile : 6290026466

বিজ্ঞাপন

# Maulana Abul Kalam Azad University of Technology (MAKAUT), CCPTR এর কর্মসংস্থানমুখী Diploma in Medical Laboratory Technology (D.M.L.T) কোর্সে 12th পাশ (যে কোনো শাখায়) যোগ্যতায় সীমিত আসনে ভর্তি চলছে

**বিশেষ প্রতিনিধি :** ক্রমবর্ধমান জনসংখ্যার সাথে সাথে বেড়ে চলেছে শারীরিক অসুস্থতা। আর বিভিন্ন অসুখের সঙ্গে লড়াই করার অন্যতম হাতিয়ার হলো বিভিন্ন সঠিক মেডিকেল পরীক্ষা। বর্তমানে তাই বাংলা ও ভারতে ক্রমান্বয়ে বেড়ে চলেছে হাসপাতাল ও ডায়াগনিস্টিক সেন্টারের সংখ্যা। আজ সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রেই প্রয়োজন হাজার হাজার সুদক্ষ মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজিস্টদের। আর কোভিড পরবর্তী পৃথিবীতে আজ এই টেকনোলজিস্টদের প্রয়োজন অফুরান হারে বেড়ে চলেছে। আর এই কথা চিন্তা করেই মৌলনা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (মাকাউট) (পূর্বতন **W.B.U.T**) এর **CCPTR** ও গুরুকুল এর যৌথ উদ্যোগে ছাত্র ছাত্রীদের জন্য নিয়ে এসেছে **D.M.L.T** কোর্সে ভর্তির সুবর্ণ সুযোগ। যে কোন শাখায় 12th পাশ ছাত্রছাত্রীরা এই কোর্সটি করতে পারে। প্রখ্যাত চিকিৎসক ডঃ পি শর্মা ও ডঃ এ ভক্ত আমাদের প্রতিনিধিকে জানিয়েছেন এখনই পশ্চিমবঙ্গ ও ভারতে সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রেই **D.M.L.T** করা টেকনোলজিস্টদের চাহিদা বিপুল। আগামী দিনে প্রশিক্ষিত ও দক্ষ প্রফেশনালদের এই চাহিদা কয়েকশো গুণ বাড়বে। তাই সুনিশ্চিত কেরিয়ার গড়তে যে কোন শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্রছাত্রীরা গুরুকুলের সুবিশাল ও অত্যাধুনিক ক্যাম্পাসে শ্রেষ্ঠ শিক্ষকমণ্ডলী, অত্যাধুনিক ল্যাবরেটরি, লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং (যা কোর্সের প্রথম থেকেই ক্যাম্পাসে **Theory** ও প্র্যাকটিক্যাল করার সাথে সাথে রিলেটেড হেলথকেয়ার ইন্ডাস্ট্রিতে হাতে কলমে প্রশিক্ষণ এর মাধ্যমে শিক্ষার্থীকে জব ও ইন্ডাস্ট্রি রেডি করে তোলে), **MAKAUT** এর সর্বত্র গ্রহণযোগ্য সার্টিফিকেট ও প্লেসমেন্ট সাপোর্ট এর সুবিধা সহ **MAKAUT (CCPTR)** এবং গুরুকুলের এর **D.M.L.T** কোর্সে ভর্তির জন্য আজই যোগাযোগ করুন নিচের ঠিকানায়। আসনসংখ্যা সীমিত।

**Gurukul Edutech Education & Research Foundation**
Langalberia, LASKUS Campus, Kolkata (near Narendrapur Ramkrishna Mission)
ফোন : 9804720425, 7059918186, 9051352337, www.gurukulinstitute.org.in

## জেলা স্বাস্থ্য দফতরে ২৪৩

১ পাতার পর

প্রতিষ্ঠান থেকে এ.এন.এম. বা, জি.এন.এম. কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা ভাষায় ভাষায় জ্ঞান থাকলে যোগ্য। হুগলি জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৩,০০০ টাকা। শূন্যপদ : ১১৩টি।

**কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট-আরবান (ইউ-এইচ.ডব্লু.সি.) :** রাজ্য নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এ.এন.এম. বা, জি.এন.এম. কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা ভাষায় ভাষায় জ্ঞান থাকলে যোগ্য। হুগলি জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৩,০০০ টাকা। শূন্যপদ : ৪৮টি।

**ল্যাবরেটরি টেকনিশিয়ান :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি বা, অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মেডিক্যাল ল্যাব টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২২,০০০ টাকা। শূন্যপদ : ১০টি।

**স্টাফ নার্স (ইউ.এইচ.ডব্লু.সি.) :** জি.এন.এম. কোর্স পাশরা পশ্চিমবঙ্গ বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। পশ্চিমবঙ্গ রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : ৪৮টি।

**স্টাফ নার্স (পলিক্লিনিক-ইউ.পি.এইচ.সি.) :** জি.এন.এম. কোর্স পাশরা পশ্চিমবঙ্গ বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। পশ্চিমবঙ্গ রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : ৫টি।

**কাউন্সেলর (পলিক্লিনিক-ইউ.পি.এইচ.সি.) :** সাইকোলজি, সোশ্যাল ওয়ার্ক, সোশিওলজি, অ্যানথ্রোপলজি, হিউম্যান ডেভেলপমেন্ট-এর গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। সাইকোলজি, সোশ্যাল ওয়ার্ক, সোশিওলজি, অ্যানথ্রোপলজি, হিউম্যান ডেভেলপমেন্ট-এর পোস্ট-গ্র্যাজুয়েট হলে ভালো হয়। অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২০,০০০ টাকা। শূন্যপদ : ৫টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১)।

**হসপিটাল অ্যাটেন্ড্যান্ট (এন.পি.এইচ.সি.ই.) :** মাধ্যমিক পাশরা হসপিটাল সংক্রান্ত বিষয়ে ২ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১০,০০০ টাকা। শূন্যপদ : ২টি।

**স্যানিটারি অ্যাটেন্ড্যান্ট (এন.পি.এইচ.সি.ই.) :** মাধ্যমিক পাশরা হসপিটাল সংক্রান্ত বিষয়ে ২ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১০,০০০ টাকা। শূন্যপদ : ২টি।

**ব্লক ডাটা ম্যানেজার :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কম্পিউটার অ্যাপ্লিকেশনের ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। কম্পিউটারে এম.এস. অফিস, পাওয়ার পয়েন্ট, এক্সেল, অ্যাকসেস ও ইন্টারনেট সংক্রান্ত কাজে জ্ঞান থাকতে হবে। সরকারি সংস্থায় অন্তত ৩ বছর আর বেসরকারি সংস্থায় অন্তত ৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। পারিশ্রমিক মাসে ২২,০০০ টাকা। শূন্যপদ : ৫টি।

**ব্লক পাব্লিক হেলথ ম্যানেজার :** লাইফ সায়েন্সের বি.এসসি. কোর্স পশরা ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। এম.এস. অফিস সংক্রান্ত কাজে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৩৫,০০০ টাকা। শূন্যপদ : ৫টি।

সব ক্ষেত্রে বয়স গুণতে হবে ১-১-২০২২'র হিসাবে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের মেমো নং : DHFWS/5191, dated 04.07.2022.

প্রার্থী বাছাই হবে টেস্ট বা ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbhealth.gov.ih, www.hooghly.nic.in অনলাইনে দরখাস্ত করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এবার ওই প্রিন্ট করা দরখাস্ত ডাকে পাঠাতে হবে। তখন সঙ্গে দেবেন পরীক্ষা ফী বাবদ ১০০ (তপশিলী, ও.বি.সি. হলে ৫০) টাকার ডিমান্ড ড্রাফট কাটবেন। "District Health & Family Welfare Samity, Hooghly"র অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন Kolkata.

ড্রাফটের উল্টোপিঠে নাম, পদের নাম ও অ্যাপ্লিকেশন আই.ডি. লিখে দেবেন। ড্রাফটে স্টেপলার পিন কিংবা স্টিচ পড়লে বাতিল করা হবে। দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে, স্পিড ডাকে বা, হাতে-হাতে। পৌঁছনো চাই ২৬ জুলাইয়ের মধ্যে। এই ঠিকানায় : The Chief Medical Officer of Health, Hooghly, New Administrative Building 1st floor, DRS Complex, Chinsurah, Hooghly-712101.

## ব্যারাকপুরে আর্মির র‍্যালি

১ পাতার পর

**অগ্নিবীর (জেনারেল ডিউটি) :** মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৩৩% (অতিরিক্ত বিষয় ছাড়া) নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ কেজি।

**অগ্নিবীর (টেকনিক্যাল) :** ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা আই.টি.আই. থেকে ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

**অগ্নিবীর ক্লার্ক / স্টোরকীপার টেকনিক্যাল :** আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক / অ্যাকাউন্ট্যান্সি / বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ কেজি।

**অগ্নিবীর ট্রেডসম্যান (মাধ্যমিক পাশ) :** মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে ৩৩% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮১ সেমি ও না ফুলিয়ে ৭৬ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি।

**অগ্নিবীর ট্রেডসম্যান (এইট পাশ) :** ক্লাস এইট পাশরা প্রতিটি বিষয়ে ৩৩% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮১ সেমি ও না ফুলিয়ে ৭৬ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি।

সব ক্ষেত্রে বয়স গুণতে হবে ১-১০-২০২২'এর হিসাবে। সেনাবাহিনীতে কর্মরত সৈনিক বা, প্রাক্তন সমরকর্মীর ছেলেরা উচ্চতায় ২ সেমি, ওজনে ২ কেজি ও বুকের ছাতিতে ১ সেমি ছাড় পাবেন।

'অগ্নিবীর'দের ৪ বছরের জন্য নিয়োগ করা হবে। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের মিলিটারি ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন।

প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২১,০০০ টাকা। বাকি ৯,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

দ্বিতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৩,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৩,১০০ টাকা। বাকি ৯,৯০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,৯০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

তৃতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৬,৫০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৫,৫৫০ টাকা। বাকি ১০,৯৫০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১০,৯৫০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

চতুর্থ বছর মাইনে পাবেন মাসে ৪০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৮,০০০ টাকা। বাকি ১২,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১২,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

এছাড়াও অগ্নিবীরদের নন-কনট্রিবিউটরি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেই সঙ্গে মেডিক্যাল লিভ-ও পাওয়া যাবে।

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করে ছাড় দেওয়া হবে। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক সক্ষমতার পরীক্ষা, শরীরের মাপজোখ ও যাবতীয় প্রমাণপত্র পরীক্ষা করা হবে।

১০০ নম্বরের শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে — : ১.৬ (১ মাইল) কিমি দৌড়। ৫ মিনিট ৩০ সেকেন্ডে সম্পূর্ণ করলে ৬০ নম্বর, ৫.৩১ মিনিট থেকে ৫.৪৫ মিনিটে সম্পূর্ণ করলে ৪৮ নম্বর পাবেন।

(২) বিম টেস্ট (পুল আপ)। ১০ বার বা, তার বেশি হলে ৪০ নম্বর, ৯ বার করলে ৩৩ নম্বর, ৮ বার করলে ২৭ নম্বর, ৭ বার করলে ২১ নম্বর, ৬ বার করলে ১৬ নম্বর। (৩) ৯ ফুট গর্ত পেরোনো। (৪) জিগ-জাগ ব্যালান্স (ভারসাম্য) টেস্ট।

শারীরিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে ডাক্তারি পরীক্ষা হবে। তারপর 'কমন এন্ট্রান্স টেস্ট'।

প্রাক্তন সমরকর্মীর ছেলে ও প্রাক্তন সমরকর্মীরা আর খেলোয়াড়রা ২০, এন.সি.সি.'র 'বি' সার্টিফিকেট কোর্স পাশ হলে ১০, 'এ' সার্টিফিকেট কোর্স পাশ হলে ৫ নম্বর বোনাস হিসাবে পাবেন। এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট কোর্স পাশ হলে 'অগ্নিবীর (জেনারেল ডিউটি, ট্রেডসম্যান) পদের বেলায় লিখিত পরীক্ষা দিতে হবে না। তবে অগ্নিবীর ক্লার্ক, স্টোরকীপার ও টেকনিক্যাল পদের বেলায় ১৫ নম্বর বোনাস হিসাবে পাবেন।

ডোয়েক থেকে 'ও' লেভেল কম্পিউটার কোর্স পাশের সার্টিফিকেট থাকলে 'অগ্নিবীর ক্লার্ক/স্টোরকীপার টেকনিক্যাল পদের বেলায় ১৫ নম্বর বোনাস হিসাবে পাবেন।

আই.টি.আই. কোর্স পাশ / স্কিল যোগ্যতা থাকলে অগ্নিবীর (টেকনিক্যাল) পদের বেলায় ১ বছরের আই.টি.আই. কোর্স পাশ হলে ৩০ নম্বর, ২ বছরের আই.টি.আই. কোর্স পাশ হলে ৪০ নম্বর, ডিপ্লোমা কোর্স পাশ হলে ৫০ নম্বর বোনাস হিসাবে পাবেন।

আন্তর্জাতিক স্তরের খেলোয়াড়রা ২০ নম্বর, রাজ্য স্তরের খেলোয়াড়রা ১৫ নম্বর, জেলা স্তরের খেলোয়াড়রা প্রথম বা, দ্বিতীয় পর্যায়ে খেলাধুলা করে থাকলে সরাসরি ১০ নম্বর, বিশ্ববিদ্যালয় স্তরের প্রথম ও দ্বিতীয় পর্যায়ের খেলোয়াড়রা ৫ নম্বর পাবেন।

প্রার্থীদের প্রথমে নাম রেজিস্ট্রেশন করতে হবে, ৩ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. ও বৈধ মোবাইল নম্বর থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার আর অন্যান্য প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। র‍্যালি হওয়ার এক সপ্তাহ আগে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করে নেবেন।

র‍্যালির দিন সঙ্গে নিয়ে যাবেন নিচের এইসব প্রমাণপত্রের মূল ও গেজেটেড অফিসারের প্রত্যয়িত করা ৩ কপি জেরক্স :

(১) মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট ও অন্যান্য কোনো যোগ্যতা থাকলে তার রেজিস্ট্রেশন সার্টিফিকেট, অ্যাডমিট কার্ড, মার্কশীট ও বোর্ড সার্টিফিকেট,

(২) ক্লাস এইট পাশ কিংবা মাধ্যমিকে অকৃতকার্য হলে বা, মাধ্যমিক পাশ হলে ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অফ স্কুল ও ডিস্ট্রিক্ট এডুকেশন অফিসারের কাউন্টার সাইন করা স্কুল লিভিং বা, 'স্কুল ট্রান্সফার সার্টিফিকেট'।

(৩) গ্রাম সরপঞ্চ, গ্রাম প্রধান বা, চেয়ারম্যানের দেওয়া গোল স্ট্যাম্প (ডেজিগনেশন-সহ) মারা লেটার হেডে ৬ মাসের পুরনো ক্যারেক্টার সার্টিফিকেট (ফটো সাঁটা থাকতে হবে) (২১ বছরের কম বয়স হলে ওই ক্যারেক্টার সার্টিফিকেটে 'He is Unmarried' কথাটি লেখা থাকতে হবে),

(৪) নন-বেঙ্গলী প্রার্থীরা জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক বা, এস.ডি.ও.'র দেওয়া বাসিন্দা / নেটিভেটি সার্টিফিকেট,

(৫) জেলাশাসক/ অতিরিক্ত জেলাশাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া ১ বছরের পুরনো স্থায়ী বাসিন্দা সার্টিফিকেট ( Permanent Residential Certificate) (নিজের পাশপোর্ট মাপের প্রত্যয়িত করা ফটো সাঁটা থাকতে হবে) (ওই সার্টিফিকেটে সই ও গোল স্ট্যাম্প এমনভাবে মারবেন, যার কিছু অংশ ফটোর ওপর ও কিছু অংশ সার্টিফিকেটের ওপর পরে) (নির্দিষ্ট ফর্ম্যাটে ওই সার্টিফিকেট আর্মি বা, ডিফেন্সের উদ্দেশ্যে ব্যবহৃত হবে ও তার সিরিয়াল নং থাকতে হবে)।

(৬) তপশিলী উপজাতি (আদিবাসী)'রা দেবেন জেলা শাসক/ অতিরিক্ত জেলাশাসক, এস.ডি.এম., এস.ডি.ও.'র দেওয়া কাস্ট সার্টিফিকেট।

(৭) তিন মাসের মধ্যে তোলা ও প্রত্যয়িত ছাড়া ২০ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে)।

(৮) এন.সি.সি.'র 'এ', 'বি' বা, 'সি' সার্টিফিকেট,

(৯) রাজ্য বা, জাতীয় পর্যায়ে খেলাধূলায় প্রথম বা, দ্বিতীয় স্থানাধিকারীর সার্টিফিকেট, (১০) সেনাবাহিনীতে কর্মরত বা, প্রাক্তন সমরকর্মীদের আত্মীয়-স্বজন ইত্যাদির দেওয়া রিলেশন্স সার্টিফিকেট ও ডিসচার্জ সার্টিফিকেট।

(৯) নন-জুডিশিয়াল ১০ টাকার স্ট্যাম্প পেপারে নোটারিকে দিয়ে অ্যাটেস্টেড করিয়ে নেবেন।

(১০) সিঙ্গল ব্যাঙ্ক অ্যাকাউন্ট, প্যান কার্ড, আধার কার্ড। (১১) ই-অ্যাডমিট কার্ডের প্রিন্ট আউট।

*আর্মি রাঞ্চ রিক্রুটিং অফিসের মাধ্যমে সিকিম রাজ্যের সব জেলার প্রার্থীদের র‍্যালি হবে ১ থেকে ৫ সেপ্টেম্বর, এই ঠিকানায় : বাইচুং স্টেডিয়াম, নামচি (সিকিম)। নিয়োগ করবে এইসব পদে : অগ্নিবীর (জেনারেল ডিউটি), অগ্নিবীর (টেকনিক্যাল), অগ্নিবীর ক্লার্ক /স্টোরকীপার (টেকনিক্যাল), অগ্নিবীর (ট্রেডসম্যান)।*


Join us, be a Competent Lawyer
Top Notch Faculty
Eligibility: Graduation
No Age Limit
100% Success
Hostel Facility available
R & D Dept.
Placement Assistance & Campusing
W.B. Students Credit Card Scheme Facility Available
3 Year LL.B DEGREE
Affiliated to :
Vidyasagar University
Approved by:
Bar Council of India
MIES R.M. Law College
Sonarpur Campus
Sahebpara, Near SBI, Nr. Stn. Kol-150
For details: visit Campus
Call : 2428 3510/9681981613
8420005904/9073144673
www.mies-lawcollege.com
mies.rm.lawcollege@gmail.com


পশ্চিমবঙ্গে WBCS & IBPS BANK (PO, CL) পরীক্ষার প্রস্তুতির সেরা প্রশিক্ষণ কেন্দ্র মাইস
WBCS, PSC, SSC, RAIL, BANK IBPS (PO+CL), Special Batch -এ ভর্তি চলছে MIES র সব সেন্টারে
Competitive Field-এর best Faculty Team-এ যুক্ত আছেন শতাধিক স্বনামধন্য বিশেষত Lecturer, Ph.D, Ex-examiner -রা।
হুবহু পরীক্ষাহলের অনুকরনে Test Series - প্রায় ২০০-র কাছাকাছি Model Test, Mock Test.
বিশিষ্ট শিক্ষাবিদদের তত্ত্বাবধানে R & D Dept.
বিভিন্ন পরীক্ষার আগে সারাদিন ব্যাপী Workshop Class-এর মাধ্যমে নিবিড় অনুশীলন।
Direct Effitive এবং Common যোগ্য Study Materials.
Unique Short Cut Method.
লক্ষ লক্ষ প্রশ্ন উত্তরের Questoin Bank.
School service -এ জাতীয় মানের শ্রেষ্ঠ ট্রেনিং
School Service চুড়ান্ত সফলদের মধ্যে কয়েকজন
1st Eng(P) Debarshini Basu Behala
1st Eng(P) Vikash Kr. Chowdhury Burdwan
1st Bio(H) Kajari Basu Mullick Hatichola
2nd Philo Joyita Banerjee
3rd Bio (P) Mrinmoy Pal Deganga
1st Chem(H) Sanjib Ghosh Goghat
1st Beng(H) Suparna Santra Kanandi
1st Eco(H) Deblina Choudhuri Konnagar
2nd Philo Debduti Mukherjee Hooghly
3rd His (P) Dibyendu Maiti
1st Sans(P) Debashis Gupta Raina
1st PureSc Sudipta Lahiri Baranagar
2nd Pure Sc Suchismita Das Nabapally
2nd Educa Arpita Patra Santragachi
3rd Chem (H) Arnab Das Swarupnagar
1st Beng(P) Leema Mukherjee Kol-78
1st Home.Sc Debopriya Chakraborty Sallake
2nd Eng(P) Paulomi Maity Jana Dumdum
2nd Pure.Sc Amitava Rano Baidanga
3rd His (H) Paulami Chakraborty
1st Chem(H) Panchu Mondal Howrah
1st Bio Sc-P Saganka Pandit
2nd Beng(H) Mitita Kundu Bansberia
2nd Sans(H) Debarati Nandy
3rd Edu Mukta Neogi
1st Sans(P)
1st Philo
2nd Hist(H)
3rd Pure Sc
3rd Eng (P)
State Bank
Munmun Paul Bidhannagar
Co-operative Bank
Kaushik Routh Behala
State Bank of India
Anima Som Kankinara
State Bank of India
State Bank of India
Niladri Sarkar DumDum
State Bank
Resmi Sen Seald.
State Bank
Susmita Dutta Rishra
Ranita Behala
Sayantika Das Behala
Kunal Saha Sonarpur
Avail Scholarship on WBCS Course
Best Training ★★★
স্কুল সার্ভিসে নবম থেকে দ্বাদশ-এর 18 টি বিষয় এবং PET-এর জন্য ভর্তি চলছে সব সেন্টারে
সর্বশেষ WBCS Preli 2021, PSC clerkship 2019, ICDS Supervisor 2019 -এর প্রকাশিত ফলাফলে MIES - থেকে রেকর্ড সফলতা।
School Service, Upper Primary & SLST তে ১৮ টি বিষয়ের জন্য সব সেন্টারে ভর্তি চলছে, New Syllabus -এর নির্ধারিত পরীক্ষার চূড়ান্ত প্রস্তুতি শুরু হচ্ছে। পশ্চিমবঙ্গের হাজার হাজার পরীক্ষার্থী যুক্ত হচ্ছে MIES Centre -এর গুলিতে।
Primary TET -এর নতুন ব্যাচে ভর্তি চলছে মাইসের সব সেন্টারে
Class Room Teaching in Parallel Join On Line Study & Test Series Bank (Clerk & P.O), SSC Rail & other exam.
মাইস থেকে প্রস্তুতি মানে Top Rank করার সুযোগ
Postal Course & Online Course-এ ভর্তি চলছে মাইস-এর সব সেন্টারে।
W.B. Students Credit Card Scheme Facility Available
Franchisee Enquiry
কৃষ্ণনগর, মালদা, বর্ধমান, কল্যাণী, ডায়মন্ডহারবার সহ গুরুত্ব পূর্ণ জনবহুল এলাকার জন্য কমপক্ষে 1500 sqft এবং আর্থিক সঙ্গতিপূর্ণরা যোগাযোগ করুন ঃ 9331040169 / 9007101828
MIES®
An Institute of Excellence in Competitive Exam
Visit us : www.miesgroup.com
H.O. SONARPUR Sahebpara, Near Union Bank Kolkata - 700 150 Ph.: 2434 6671, 8420005904
City Centre SEALDAH 2A, M.G. Road, Beside Flyover, Kolkata - 700 009 Ph.: 2360 6127, 8420005903
BARASAT 7KNC Rd., Kol - 124 Nr. Platform No. 1, Ph.: 2584 4968, 9123367837
BEHALA Chowrasta Crossing, Near Bandan Bank, Kol - 8 Ph.: 2445 8183, 84200 05906
BUNIADPUR Beside Bandhan Bank Dakshin Dinajpur M: 7047112078 7797002993
KONNAGAR Chalachitram Cinema More, (Near Rly. Stn.) Ph.: 033 26746714, 9831972921
CHINSURAH Ph.: 8420499717 9007101828
TAMLUK Ph.: 6290293461
HOWRAH Ph.: 9674948306 9007101828

উচ্চমাধ্যমিক পাশ সকল ছাত্রছাত্রীকে
**MR College** এর পক্ষ থেকে অভিনন্দন ও শুভেচ্ছা

## ডিগ্রি নিয়ে ঘরে বসে থাকার দিন শেষ !

**৩৫০ বেডের** নিজস্ব হসপিটালে নার্সিং স্টুডেন্টদের প্র্যাক্টিক্যালের সুবিধা

সময়পোযোগী নিজেকে রোজগেরে গড়ে তুলতে এখনই ভর্তি হন নার্সিং ও প্যারামেডিকেল কোর্সে



# M.R. INSTITUTE OF NURSING
# MOTHER RIJIYA INSTITUTE OF NURSING
# M.R. COLLEGE OF PARAMEDICAL

**Affiliated by INC, WBNC, WBUHS & State Paramedical Council Approved**

Management Paramedical | Degree + Diploma + Certificate | MAKAUT | B.Sc. (Paramedical) (West Bengal Health Science University) | Diploma (Paramedical) State Medical Faculty, WB

## GNM ◎ B.Sc. নার্সিং ◎ B.Pharm ◎ D.Pharm

- M.R. College of Nursing এর রয়েছে সর্ববৃহৎ Infrastructure.
- উচ্চ মানের নার্সিং প্র্যাক্টিক্যাল ল্যাব।
- ডিজিটাল এবং অত্যাধুনিক ক্লাসরুম।
- অভিজ্ঞ নার্সিং ক্যাকাল্টি।
- ক্লিনিক্যাল প্র্যাক্টিস ও ইনটার্নশিপের জন্য 350 বেডের মাল্টি স্পেশালিটি নিজস্ব হসপিটাল (M.R. Hospital)।
- হোস্টেল ও প্রত্যেক রুমে 3 জনের থাকার সুব্যবস্থা।
- 24 ঘন্টা হোস্টেল ওয়ার্ডেনের রক্ষণাবেক্ষণ।
- খাবার মেনুতে রয়েছে ভেজ ও নন-ভেজ।
- হোস্টেলের প্রত্যেক ফ্লোরে রয়েছে ওয়াটার ফিল্টার ও ওয়াটার কুলার।
- নার্সিং কোর্সের শেষে রয়েছে 100% জবের নিশ্চয়তা, নিজস্ব হসপিটালিটি এবং আমাদের অ্যাসোসিয়েট হসপিটাল গুলিতে।

- Diploma in Medical Laboratory Technology DMLT [Tech]. [MAKAUT]
- Diploma in Physiotherapy: DPT [MAKAUT]
- Diploma in Radiography (Diagnostic): DRD [Tech]
- Diploma in Physiotherapy: DPT
- Diploma in Optometry with OphthalmicTechnique : D.OPT
- Diploma in Dialysis Technique : DialysisTechnician
- Diploma in Critical Care Technology: DCCT
- Diploma in Operation Theatre Technology: DOTT
- Diploma inElectrocardiographic Technique : ECG Technician

নার্সিং, প্যারামেডিক্যাল অ্যাডমিশন সংক্রান্ত যোগাযোগ ঃ
**B.Pharm, D.Pharm**
**Mr. S. K. Mondal**
(Chief Admission Officer)
মোবাইল ঃ **9163297000**

**2022-23 এর জন্য যোগাযোগ করুন**
**For Education Consultancy**
**Helpline : 9163292000**

INC listed ও সুপার স্পেশালিটি হসপিটাল যুক্ত পশ্চিমবঙ্গের সেরা কলেজ



1 লক্ষ টাকা পর্যন্ত স্কলারশিপের সুবিধা

স্টুডেন্ট ক্রেডিট কার্ডে ভর্তির সুবিধা

**For Direct Admission**
✆ 8274091660
✆ 9907728954



জেলাভিত্তিক Admission Partner হয়ে সম্মানজনক উপার্জন করে সুপ্রতিষ্ঠিত হন।
**Mr. S. K. Mondal** (Chief Admission Officer) ✆ 8431596462

College Campus : Address : BIRA, BALISHA, NORTH 24 PARGANAS
✉ mr.skmindia@gmail.com

পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর ঝাড়গ্রাম ✆ 9836902256

উঃ, দঃ ২৪ পরগনা, হাওড়া, হুগলি ✆ 7595905107

বাঁকুড়া, বীরভূম পুরুলিয়া, বর্ধমান ✆ 8276049338

## ১,৪১১ কনস্টেবল

৬ পাতার পর

দৌড়, সাড়ে ১২ ফুট লং জাম্প ও সাড়ে ৩ ফুট হাই জাম্প। (২) ৩০ থেকে ৪০ বছর বয়স পর্যন্ত প্রার্থীদের বেলায় ৮ মিনিটে ১,৬০০ মিটার দৌড়, সাড়ে ১১ ফুট লং জাম্প ও ৩ ফুট ৩ ইঞ্চি হাই জাম্প। (৩) ৪০ বছরের ওপরের প্রার্থীদের বেলায় ৯ মিনিটে ১,৬০০ মিটার দৌড়, সাড়ে ১০ ফুট লং জাম্প ও ৩ ফুট হাই জাম্প। সফল হলে ১৫০ নম্বরের ট্রেড টেস্ট। এই টেস্টে কোয়ালিফাই করতে হবে। অ্যাডমিট কার্ড ডাকে পাঠানো হবে না। ই-অ্যাডমিট ডাউনলোড করতে পারবেন, এই ওয়েবসাইট থেকে : www.delhipolice.gov.in

সফল হলে ডাক্তারি পরীক্ষা হবে। চূড়ান্ত তালিকা তৈরির সময় লিখিত পরীক্ষার নম্বর দেখা হবে। শারীরিক মাপজোখ বা, শারীরিক সক্ষমতায় পাওয়া নম্বর দেখা হবে না। প্রতিটি রাজ্যের জন্য আলাদা মেধা তালিকা তৈরি হবে। সাধারণ ও প্রাক্তন সমরকর্মীরা ৩৫% আর তপশিলী, ও.বি.সি.'রা ৩৩% নম্বর পেলে সফল হবেন। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in দরখাস্ত করতে পারবেন অনলাইনে, ২৯ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in এজন্য একটি বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো (৪ থেকে ২০ কেবির মধ্যে) ও সিগনেচার (১ থেকে ১২ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ইউ.পি.আই., ভীম, নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডের মাধ্যমে কিংবা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানের মাধ্যমে জমা দিতে পারবেন। অনলাইনে ফী জমা দিতে পারবেন ৩০ জুলাইয়ের মধ্যে আর অফলাইনে ফী জমা দিতে পারবেন ৩০ জুলাইয়ের মধ্যে। তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। দরখাস্ত কারেকশন করতে পারবেন ২ আগস্টের মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## স্বপ্ন যদি পুলিশ হয়, সাফল্যের পথ সুনিশ্চিত করতে কী কী উপায় অবলম্বন করবে...

ইতিমধ্যে যে সব প্রার্থী কলকাতা পুলিশের ফর্ম ফিলাপ করেছেন, অথবা আসন্ন রাজ্য পুলিশের বিজ্ঞপ্তি বেরোনোর পর ফর্ম ফিলাপ করবেন, তাদের বুঝতে হবে যে, কনস্টেবল চাকরির পরীক্ষা কোনো রকেট সায়েন্স নয়, তাও অধিকাংশ প্রার্থীরাই প্রিলিমস্ পরীক্ষার কাট অফ মার্কস তুলতে পারে না। যদিও কোনোরকমে প্রিলি পাস করতে পারলেও, মেইনস্ পরীক্ষায় গিয়ে আটকে যায়। কারণ জানতে আমরা যোগাযোগ করেছিলাম ইন্ডিয়ান ফোর্স অ্যাকাডেমির কর্ণধার আহমেদ আলি খান স্যারের সাথে। তার মতে, আজকাল সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে নোটস্ ও স্টাডি মেটেরিয়াল্-এর ছড়াছড়ি, প্রার্থীরা স্টাডি মেটেরিয়ালস্ হাতে পাওয়ার পর বিভ্রান্ত হয়ে পড়ে কোনটা পড়বে কোনটা পড়বে না, কোনটা তার পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ কোনটা গুরুত্বপূর্ণ নয়। তিনি জানান যেকোনো সরকারি চাকরির পরীক্ষার ক্ষেত্রে প্রয়োজন সবার আগে নবম ও দশম শ্রেণির সমস্ত বিষয়ের বইগুলি খুঁটিয়ে খুঁটিয়ে পড়া। আর অঙ্কের ভিত মজবুত করতেও দরকার নবম ও দশম শ্রেণির বইয়ের অঙ্কগুলি চ্যাপ্টার ভিত্তিক বারবার প্র্যাক্টিস করা ও রিজনিং এর জন্য নিয়মিত অধ্যাবসায়ের সঙ্গে উপস্থিত বুদ্ধি প্রয়োগ করা। সঙ্গে দরকার সঠিক গাইডেন্সে পড়াশোনা ও পরীক্ষার হলে টাইম ম্যানেজমেন্টের জন্য প্রয়োজন পরীক্ষার পূর্বে প্রচুর মকটেস্ট প্র্যাক্টিস। যা দীর্ঘদিন ধরে সাফল্যের সাথে করিয়ে আসছে তাদের এই প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান থেকে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার বহু প্রার্থী রাজ্য পুলিশ, কলকাতা পুলিশ, আর্মি, নেভি, এয়ারফোর্স ও আটবাহিনীর পরীক্ষায় উত্তীর্ণ হয়ে জীবনে সাফল্য লাভ করেছে। তাই নিয়মিত পড়াশোনা ও ফিজিক্যাল ট্রেনিং-এর মাধ্যমে এই সাফল্যের ধারায় সামিল হতে সত্বর যোগাযোগ করুন ইন্ডিয়ান ফোর্স অ্যাকাডেমিতে। এখানে প্রত্যহ তিনটি করে সপ্তাহে পাঁচদিন মাঠ ও লিখিত পরীক্ষার ক্লাস করানো হয়। বাংলা ও ইংরিজিতে কমনযোগ্য স্টাডি মেটেরিয়ালস এর পাশাপাশি ক্লাস টেস্ট সাপ্তাহিক মকটেস্টের ব্যবস্থা আছে। অঙ্ক ও পড়াশোনায় যেকোন বিষয়ে দুর্বল প্রার্থীদের বিশেষ নজরদারি দেওয়া হয়। আবাসিক অথবা বাড়ি থেকে যাতায়াত করে ট্রেনিং এর সুব্যবস্থা আছে। যোগাযোগ : ইন্ডিয়ান ফোর্স অ্যাকাডেমি, ঠিকানা : রাইগাছি শেষ মোড়, থানা ও পোস্ট : রাজারহাট, জেলা : উত্তর ২৪ পরগনা, কলকাতা : ৭০০১৩৫। মোবাইল নং : ৯৮৩৬৬৩৫৫৫৫।


Mindmine
Institute For Skill Training
Regd. Society under Govt. Of W.B ( Group Estd.1998 ), Kolkata
www.mindmineskillindia.com
উচ্চমাধ্যমিক পাশের পরে সেরা কোর্স
UGC Approved University থেকে
কম খরচে বিভিন্ন কোর্স করে প্রতিষ্ঠিত হওয়ার সুযোগ
PARAMEDICAL / NURSING
- Lab Technology ( DMLT / BMLT )
- Physiotherapy ( BPT )
- Human Nutrition
- X-Ray (CT-SCAN,MRI)
- Orthopedics & Dresser
- Dialysis Technician
- Public Health Assistant
- O.T Technician / ECG
- Optometry
- Cardiac Care Technology
- Nursing ( GNM / B.Sc )
COMPUTER / IT COURSES
- Multimedia / Web Design
- Computer Application ( BCA / BSC-IT / PGDCA )
- Hardware & Networking (Laptop / Printer - Chip Level )
DESIGN & DECORATION
- Fashion / Jewellery Design
- Interior Decoration
MANAGEMENT & PROFESSIONAL
Office & Accounts / Retail / Digital Mkt. / Hospital
Share Trading & Insurance / Logistic & Cargo /
Journalism & Mass Comm. / Travel & Tourism
ফার্মেসি ( D/B Pharmacy )
- Get job facility ( Salary upto 50,000/- P.M)*
- বয়স সীমা - ১৭ হইতে ৩০
- Loan Facility Available 100%
- Hostel facility ( Boys & Girls )
*T & C APPLY
Contact Us : মৌলালী @7605057139 • ঠাকুরপুকুর @7605057138



সবচেয়ে কম খরচে হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট
• ভর্তির সময় লিখিত JOB গ্যারান্টি পেপার
• কোর্স চলাকালীন কোর্স ফি ফেরত
• হোস্টেল ফ্রি
ডিগ্রি - Rs. 1,50,000
ডিপ্লোমা কোর্স ফি - Rs. 22,500 to Rs. 60,500
বিদেশ ও ক্রুজে চাকরি পাওয়ার সুযোগ
www.bshm.co.in
গড়িয়া 9836046860



বি.এড কোর্সে ভর্তির সুযোগ (2022-2024)
Elite B.Ed. College
(NCTE ও WBUTTEPA স্বীকৃত)
সীমিত সুযোগ স্বল্প খরচ
Method Subjects
বাংলা, হিন্দি, ইতিহাস, ভূগোল, সংস্কৃত, রাষ্ট্রবিজ্ঞান, অঙ্ক, ভৌতবিজ্ঞান, জীবনবিজ্ঞান, ইংরিজি, এডুকেশন, কমার্স।
ছোটোখেজুরিয়া, ব্যান্ডেল-সপ্তগ্রাম, হুগলি
(ব্যান্ডেল ও সপ্তগ্রাম স্টেশন থেকে অটোতে ৫ মিনিট)
9831595045, 8777604003
9830841834, 6294987005



প্যারামেডিকেল কোর্স করে নিজের ভবিষ্যৎ উজ্জ্বল করার এক সুবর্ণ সুযোগ
SGMI Sekhar Ghose Memorial Institute
Paramedical Training Centre
Approved by NCVRT- New Delhi, (REG / NCVRT / WB / 4057 / VTC)
ভর্তি চলিতেছে MSME Registered Placement Assistance
10th, 12th ও স্নাতকদের জন্য
■ Certificate course in 6 months : Phlebotomy Technician • Cardiac Care • Pharmacy Assistant ■ Certificate course in 1 year : Medical Lab Technology
Blood Collection, ECG, Blood pressure জেনে নিজেকে Medical Sector-এ প্রতিষ্ঠিত করুন
34B, S.R. Das Road, Kol-26 (Near Tollygunge Rail Station)
Call : 7980309184, 9903781738



GEORGE GROUP OF COLLEGES
Unit of The George Telegraph Group
CAMPUSES: SEALDAH | TARATALA | MAHESHTALA | NARENDRAPUR | KONNAGAR
#Hopefortomorrow www.georgecollege.org
25 কোর্স | 5 ক্যাম্পাস | 7500+ প্লেসমেন্ট | 90+ বিশ্ববিদ্যালয় মেডেল
চাকরিমুখী কোর্সে ভবিষ্যত গড়ুন
Degree Courses under MAKAUT
All courses are approved by UGC
Health Care
✓B.Sc in Medical Lab Technology
✓Bachelor in Medical Lab Technology
✓Bachelor in Clinical Optometry
✓BBA in Hospital Management
✓Masters in Optometry
✓Masters in Clinical Psychology
✓P.G. Diploma in Psychological Counselling
Information Technology
✓Bachelor in Computer Application (BCA)
✓M.Sc in Computer Science
✓Bachelor in Hardware & Networking
Media & Communication
✓Bachelor in Media Science
✓Bachelor in Multimedia, Animation & Graphics
✓B.Sc in VFX Film Making
Technology
✓Bachelor in Automobile Servicing Technology
✓Bachelor in Electronic Manufacturing Services
Management
✓Business Administration (BBA)
✓Bachelor in Sports Management
✓Bachelor in Travel & Tourism Management
approved by Bar Council of India
5 year B.A.LL.B affiliated to University of Calcutta
3 year LL.B affiliated to University of Burdwan
NCTE approved 2 year courses
B.Ed. affiliated to WBUTTEPA
D.El.Ed. affiliated to WBBPE
033 4181 6622 / 4181 6633



ভর্তি চলছে
SURESH GYAN VIHAR UNIVERSITY
Centre for Distance and Online Education
UGC Recognised- NAAC "A" Grade
BA Psychology, English, Sociology, Political Science, Geography, Public Administration, History, Hindi, Economics, Philosophy, Journalism & Mass Communication.
BBA B.Com. MA Political Science, History, Economics, Sociology, English, Hindi
MBA HR, Finance, Marketing, Production, Business Analytics, Health Care Management.
REGULAR COURSES আমাদের সমস্ত রেগুলার কোর্স প্রয়োজনীয় নিয়ন্ত্রক সংস্থা যেমন NCTE, B.C.I, P.C.I, AICTE, INC দ্বারা স্বীকৃত।
B.Ed. D.El.Ed. B.PED. LLB LLM
D.Pharm B.Tech (lat). GNM B.Sc. Nursing
10th & 12th যেকোনো কারণে সময়মতো মাধ্যমিক । উচ্চমাধ্যমিক পাশ করতে পারেন নি? আমাদের সহায়তায় কেবলমাত্র সরকারি বোর্ড থেকে যেকোনো বয়সে, 10th-12th পাস করুন সহজে।
বিগত ১২ বৎসরে আমাদের প্রাক্তনীরা নিজ নিজ ক্ষেত্রে প্রতিষ্ঠিত। অনেকে প্রাইমারি স্কুল, আপার প্রাইমারি স্কুল শিক্ষক, অনেকে DPS, Narayana প্রভৃতি প্রাইভেট স্কুল শিক্ষক। কেউ আবার TCS, Wipro, Cognigent এর মতো বড়ো কর্পোরেটে চাকরি করেন, কেউ আবার প্রতিষ্ঠিত আইনজীবী। বিশদে জানতে আমাদের অফিসে আসুন।
DCS EDUCARE
সল্ট লেক বিএ-১৮৬ সেক্টর-। | বারাসাত ৪৫ যশোর রোড, চাঁপাডালি | রানাঘাট মহাবীর মার্কেট, তৃতীয় তল
For Admission Call- 7439041864, 9830824664 | www.dcseducare.com

## এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**২২ জুন :** রাজ্যের প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের ভরতি করার জন্য, ১৭ তম 'শালা প্রবেশোৎসব' অভিযান চালু করলেন গুজরাতের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল। রাজ্যের বানাসকাঁথা জেলার ভাদগাম তালুকের 'মেমাদপুর প্রাথমিক বিদ্যালয়' থেকে ৩ দিনের এই অভিযান শুরু হয়। আইএএস ও আইপিএস আধিকারিক, সংসদ সদস্য ও বিধানসভার সদস্য-সহ রাজ্যের আধিকারিকরা রাজ্যের বিভিন্ন স্কুল পরিদর্শন করেন ও শিশুদের প্রথম শ্রেণিতে ভরতি করেন।

❑ দেশের ১২টি রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলে 'বর্ডার রোডস অর্গানাইজেশন'এর সীমান্ত সড়ক বরাবর ৭৫টি স্থানে 'বিআরও ক্যাফে' নামে রাস্তার সুযোগ-সুবিধা প্রদানের অনুমোদন দিল কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রক। এর উদ্দেশ্য হল, পর্যটকদের মৌলিক সুযোগ-সুবিধা প্রদানের পাশাপাশি সীমান্ত এলাকায় অর্থনৈতিক কার্যক্রমকে ত্বরান্বিত করা। এই বিআরও ক্যাফের অধীনে সুবিধাগুলির মধ্যে রয়েছে ২ চাকা ও ৪ চাকার গাড়ি পার্কিং সুবিধা, ফুড প্লাজা, রেস্তরাঁ, শৌচাগার ও প্রাথমিক চিকিৎসার সুবিধা-সহ আরও অনেক কিছু।

❑ রান্নার গ্যাসের দাম থেকে সাধারণ মানুষকে মুক্তি দিতে, ইন্ডোর সোলার কুকিং স্টোভ 'সূর্য নূতন' আনল ভারতের শীর্ষস্থানীয় তেল কোম্পানি 'ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড'। ফরিদাবাদে আইওসি'র গবেষণা ও উন্নয়ন বিভাগের সাহায্যে তৈরি হয়েছে এই স্টোভ। অন্যান্য সোলার কুকারের মতো এটিকে বাইরে রোদের সংস্পর্শে রাখার দরকার নেই। ছাদের পিভি প্যানেল থেকে সৌর শক্তি নিয়ে চলে এই সোলার স্টোভ। এটি রাতেও খাবার রান্না করতে সক্ষম। এটি কমপক্ষে ১০ বছর চলবে। এই স্টোভের বর্তমান দাম ১৮ হাজার থেকে ৩০ হাজার টাকা হলেও, সরকারি সাহায্যের পর তা কমে ১০ হাজার থেকে ১২ হাজারের মধ্যে চলে আসবে বলে মনে করা হচ্ছে।



**সব ধরনের ক্রিকেট থেকে অবসর নিলেন ভারতীয় মহিলা ক্রিকেট দলের অভিজ্ঞ তারকা রুমেলি ধর। ৩৮ বছর বয়সি রুমেলি ভারতের হয়ে ৪টি টেস্ট, ৭৮টি ওয়ান ডে ও ১৮টি আন্তর্জাতিক টোয়েন্টি-২০ ম্যাচ খেলেছেন। একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে রুমেলির ঝুলিতে রয়েছে ৯৬১ রান ও ৬৩টি উইকেট। আন্তর্জাতিক টোয়েন্টি-২০ ক্রিকেটে তাঁর সংগ্রহ ১৩১ রান ও ১৩টি উইকেট।**

**২৩ জুন :** 'ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টার'এর প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন শ্যাম শরণ।

❑ ভারতের প্রথম মহিলা 'ন্যাশনাল ডিফেন্স আকাদেমি' ব্যাচে ভরতির পরীক্ষায় প্রথম স্থান পেয়ে নজির গড়লেন হরিয়ানার রোহতক জেলার বাসিন্দা ১৯ বছর বয়সি শানন ঢাকা। ২০২১ সালে মহিলা প্রার্থীদেরও ভারতীয় প্রতিরক্ষা বাহিনীর প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশ নেওয়ার নির্দেশ দিয়েছিল 'সুপ্রিম কোর্ট'। ওই বছরই 'এনডিএ' পরিচালিত এই পরীক্ষায় বসেছিলেন শানন। ফল বেরোনোর পর সারা দেশের মধ্যে দশম ও মহিলাদের মধ্যে প্রথম স্থান অধিকার করেন তিনি। এর ফলে ভারতীয় সেনাবাহিনীতে যুক্ত হবেন তিনি।

❑ 'ইন্টেলিজেন্স ব্যুরো'র ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন তপন কুমার ডেকা।

❑ 'নীতি আয়োগ'এর নতুন চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন পরমেশ্বরন আইয়ার।

❑ 'ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি'র ডিরেক্টর জেনারেল হিসাবে মনোনীত হলেন ডিংকর গুপ্তা।



**স্বল্প দৈর্ঘ্যের ভিডিও শেয়ারিং অ্যাপ 'টিকটক'এ বিশ্বের সর্বাধিক ফলোয়ারকারী হয়ে নজির গড়লেন সেনেগালের (এখন ইতালিতে থাকেন) সোশ্যাল মিডিয়া ব্যক্তিত্ব খাবি লেম। টিকটকে তাঁর ফলোয়ার্স এখন ১৪২.৮ মিলিয়ন। এই তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছেন মার্কিন যুক্তরাষ্ট্রের চার্লি ডি'আমেলিও। তাঁর ফলোয়ার্স ১৪২.২।**

❑ পরিবেশ দূষণ রুখতে, ১ জুলাই থেকে, একক ব্যবহারযোগ্য প্লাস্টিক বা তা দিয়ে তৈরি সামগ্রী নিষিদ্ধ করল কেন্দ্রীয় সরকার। কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রকের এই বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ৫০ মাইক্রনের বদলে ১২০ মাইক্রন ঘনত্বযুক্ত পলিথিন ব্যাগ ব্যবহার করতে হবে। তবে, যেসব প্লাস্টিকের ক্যারি ব্যাগ কোনোভাবে আবার ব্যবহার করা যায়, সেগুলির ক্ষেত্রে এই ঘনত্বের নিয়ম মান্য করার প্রয়োজন নেই।

❑ ২০২২ সালে 'জাতীয় এমএসএমই পুরস্কার'এ, সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মধ্যে প্রথম পুরস্কার পেল ওড়িশা সরকারের ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পদ্যোগ বিভাগ। ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পদ্যোগ ক্ষেত্রের প্রচার ও উন্নয়নে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পেল তারা।

❑ ক্যারিবিয়ান ম্যানগ্রোভ জলাভূমি থেকে, বিশ্বের বৃহত্তম ব্যাকটিরিয়া আবিষ্কার করলেন বিজ্ঞানীরা। স্বাভাবিক ব্যাকটিরিয়ার থেকে ৫,০০০ গুণ বড় এই ব্যাকটিরিয়া সম্পূর্ণ খালি চোখে দেখা যায়। এই ব্যাকটিরিয়ার নাম রাখা হয়েছে '*Thiomargarita Magnifica*', যেটির গড় কোশের দৈর্ঘ্য ৯,০০০ মাইক্রোমিটারেরও (৯ মিলিমিটার) বেশি। অস্বাভাবিক এই জীবটিকে ফ্লুরোসেন্স, এক্স-রে, ইলেক্ট্রন মাইক্রোস্কোপি ও জিনোম সিকোয়েন্সিং ব্যবহার করে ধাক্কা দেওয়া হয়েছে। তারপর বিজ্ঞানীরা নিশ্চিত হন যে, এটি আসলে একটি বিশাল একক কোশের ব্যাকটিরিয়া।

**২৪ জুন :** 'ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে অতিরিক্ত দায়িত্ব নিলেন পি.উদয়কুমার।

❑ 'ইন্ডিয়া ডেবট রেজোলিউশন কোম্পানি লিমিটেড'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন অবিনাশ কুলকার্নি।

❑ 'ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশন'এর ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন অনিল খান্না।

❑ মালয়েশিয়ায় প্রথম ড্রোন কারখানা চালু করতে চলেছে চেন্নাইয়ের ড্রোন স্টার্ট-আপ 'গারুদা অ্যারোস্পেস প্রাইভেট লিমিটেড'। মালয়েশিয়ান ড্রোন সলিউশন কোম্পানি 'HIILSE Global SdnBhd'এর (HIILSE Drones) সঙ্গে অংশীদারিত্বে, ১১৫ কোটি টাকা খরচে, ২.৪২ হেক্টর এলাকা জুড়ে এই কারখানা তৈরি হবে। এর ফলে, প্রায় ৩,০০০ কর্মসংস্থান তৈরি হবে বলে মনে করা হচ্ছে।

❑ প্রথম বাঙালি ও দ্বিতীয় ভারতীয় মহিলা হিসাবে উত্তরাখণ্ডের দুর্গম 'ট্রেলস পাস' অতিক্রম করে নজির গড়লেন উত্তর কলকাতার হাতিবাগানের বাসিন্দা পেশায় শিক্ষিকা ৪৫ বছর বয়সি পর্বতারোহী রুপা দে। রুপা ছাড়াও এই দলে ছিলেন রাজু চক্রবর্তী (এই দলের নেতৃত্বে ছিলেন তিনি), সুমন্ত বসু ও জিবিন জোসেফ (যিনি কেরালার প্রথম ব্যক্তি হিসাবে এই পাস অতিক্রম করলেন)। প্রসঙ্গত উল্লেখ্য, কুমায়ুন হিমালয়ে দুর্গম উচ্চতায় পিন্ডারি হিমবাহের ওপরে অবস্থিত পাসটির অবস্থান সমুদ্রপৃষ্ঠ থেকে ১৭ হাজার ২৫০ মিটার ওপরে।

❑ গর্ভপাতের সাংবিধানিক অধিকারের অবসান ঘটালো মার্কিন সুপ্রিম কোর্ট। এদিন শীর্ষ আদালতের ৬ জন বিচারকই গর্ভপাতের অধিকার ফিরিয়ে নেওয়ার পক্ষে মত দেন, বিপক্ষে ছিলেন মাত্র ৩ জন। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৭৩ সালে 'রো বনাম ওয়েড' ন্যামে পরিচিত এক মামলার রায়ে, মহিলাদের গর্ভপাতের অধিকারকে সুরক্ষিত করেছিল মার্কিন সুপ্রিম কোর্ট। ওই ঐতিহাসিক রায়ে বলা হয়েছিল, প্রদেশগুলির এই প্রক্রিয়াটিকে অনুমতি দেওয়ার বা না দেওয়ার অধিকার থাকবে। প্রায় ৫০ বছর পর, এই রায়কে খারিজ করে দিল সুপ্রিম কোর্ট।

❑ মুদি সরঞ্জামের ই-কমার্স সংস্থা 'ব্লিঙ্কিট'কে (আগে 'গ্রোফার্স' নামে পরিচিত ছিল) কিনে নিতে চলেছে ফুড ডেলিভারি অ্যাপ 'জোমাটো'। ৪,৪৪৭ কোটি টাকার বিনিময়ে ব্লিঙ্কিট'এর সব স্টক-সহ গোটা সংস্থাকে কিনে নেওয়া হবে। ব্লিঙ্কিট'কে কিনে নেওয়ার পর, তার প্রায় সব শেয়ারই বিক্রি করবে জোমাটো। প্রতি শেয়ারের দাম হতে পারে ৭০.৭৬ টাকা।

❑ প্রথম ভারতীয় সাইক্লিস্ট হিসাবে, ২০২২ সালে 'এশিয়ান সাইক্লিং চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের স্প্রিন্ট ইভেন্টে রুপোর পদক জিতে ইতিহাস গড়লেন রোনাল্ডো সিং।

**২৫ জুন :** 'ইন্টারন্যাশনাল ওয়েটলিফটিং ফেডারেশন'এর প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন মহম্মদ জালুদ।

❑ ঝাড়খণ্ড ও আন্ধ্রা প্রদেশের পর, এবার রাজস্থান থেকেও উদ্ধার হল ইউরেনিয়াম। রাজস্থানের শিকার জেলায় খান্দেলা তহশিল এলাকায় বিপুল পরিমাণ ইউরেনিয়ামের খোঁজ মিলল। ওই এলাকায় প্রায় ১২ মিলিয়ন টন ইউরেনিয়াম মজুত করা আছে বলে মনে করা হচ্ছে। ১০৮৬.৪৬ হেক্টর এলাকা জুড়ে এই ইউরেনিয়াম পাওয়া গেছে। এজন্য প্রয়োজনীয় অনুমতি পাওয়া গেলে রাজস্থানে ইউরেনিয়াম উত্তোলন করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য, ইউরেনিয়ামকে বিশ্বের বিরলতম ধাতু হিসাবে গণ্য করা হয়।

❑ 'কেম্পেগৌড়া আন্তর্জাতিক পুরস্কার'এর জন্য নির্বাচিত হলেন কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী এস.এম.কৃষ্ণ, 'ইনফোসিস'এর প্রতিষ্ঠাতা এন.আর.নারায়ণ মূর্তি ও প্রাক্তন ব্যাডমিন্টন খেলোয়াড় প্রকাশ পাড়ুকোন, যা এ'বছরের শুরুতে চালু করা হয়েছে। ২৭ জুন, বেঙ্গালউরু শহরের স্থপতি কেম্পেগৌড়ার ৫১৩ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে, কর্ণাটকের মুখ্যমন্ত্রী বাসভরাজা বোম্মাই তাঁদের এই পুরস্কার দিয়েছেন।



**ঐতিহাসিক পদ্মা সেতুর উদ্বোধন করলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এটি বাংলাদেশের দীর্ঘতম সেতু, যা তৈরি করতে মোট ৩৫ হাজার কোটি টাকা খরচ হয়েছে। ৬ কিলোমিটার দীর্ঘ দ্বিতল এই সেতুটি স্টিল ও কংক্রিট দিয়ে তৈরি, যার একতলায় চার লাইনের সড়কপথ ধরে চলবে বাস, গাড়ি-সহ অন্যান্য যান ও অন্য তলায় চলবে ট্রেন। ফলে, সড়ক ও রেলপথের মাধ্যমে বাংলাদেশের দক্ষিণাঞ্চলের ২১টি জেলার সঙ্গে রাজধানী ঢাকার যোগাযোগ স্থাপিত হবে। সেইসঙ্গে কলকাতার সঙ্গে বাংলাদেশের দূরত্ব প্রায় ১৫০ কিলোমিটার কমবে।**


## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।


**২৬ জুন :** চামোলি জেলার মণ্ডল উপত্যকা থেকে, অত্যন্ত বিরল মাংসাশী উদ্ভিদের খোঁজ পেলেন উত্তরাখণ্ডের বন দফতরের একদল গবেষক। উদ্ভিদটির নাম '*Utricularia Furcellata*'। তবে শুধুমাত্র উত্তরাখণ্ডেই নয়, এটি ছড়িয়ে রয়েছে গোটা হিমালয়ের পার্বত্য এলাকা জুড়ে। প্রাণীদের সংস্পর্শে এলেই সেই মাংস খেয়ে নেয় উদ্ভিদটি। প্রোটোজোয়া থেকে পোকামাকড়, মশার লার্ভা, এমনকি তরুণ ট্যাডপোল পর্যন্ত খেতে পারে এই উদ্ভিদ। বনবিভাগের জুনিয়র গবেষক মনোজ সিং এই বিশেষ প্রজাতির উদ্ভিদের কথা তুলে ধরেছেন। এই আবিষ্কারটি মর্যাদাপূর্ণ 'জার্নাল অফ জাপানিজ বটানি' শীর্ষক এক গবেষণা পত্রিকায় নথিভুক্ত করা হয়েছে।




**মুম্বইকে ৬ উইকেটে হারিয়ে, ২০২২ সালে প্রথমবার 'রঞ্জি ট্রফি'তে চ্যাম্পিয়ন হল মধ্য প্রদেশ।**

❑ প্রথম ভারতীয় হিসাবে, ২০২১ সালে 'ইন্টারন্যাশনাল টেনিস হল অফ ফেম' ও 'ইন্টারন্যাশনাল টেনিস ফেডারেশন'এর তরফ থেকে 'গোল্ডেন অ্যাচিভমেন্ট পুরস্কার' পেলেন অবসরপ্রাপ্ত পেশাদার টেনিস তারকা বিজয় অমৃতরাজ। টেনিসে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পেলেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, টেনিস কোর্ট ও কোর্টের বাইরে খেলার প্রসার, উন্নয়ন-সহ বিভিন্ন ক্ষেত্রে অবদানের স্বীকৃতি হিসাবে প্রতিবছর একজনকে এই পুরস্কার দেওয়া হয়।

❑ 'কোসানভ মেমোরিয়াল অ্যাথলেটিক্স'এ, ২০০ মিটার দৌড়ে সোনার পদক জিতে ভারতের তৃতীয় দ্রুততম দৌড়বিদে পরিণত হলেন ধনলক্ষ্মী সেকর। ২২.৮৯ সেকেন্ড সময় নিয়ে দৌড়ে সোনার পদক পেলেন তিনি। সরস্বতী সাহা (২২.৮২ সেকেন্ড) ও হিমা দাসের (২২.৮৮) পর, ২০০ মিটারে কোনো ভারতীয় মহিলার রেকর্ড তৃতীয় সেরা সময় এটি।

**২৭ জুন :** 'সেন্ট্রাল বোর্ড অফ ডিরেক্ট ট্যাক্সেস'এর চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন নীতিন গুপ্ত।

❑ নাগাল্যান্ড সফরের সময়, ডিমাপুরে মধু পরীক্ষার ল্যাবরেটরি উদ্বোধন করলেন কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী নরেন্দ্র সিং তোমর। মৌমাছি পালনকারীদের ও তাঁদের উৎপাদিত মধু পরীক্ষা করতে সহায়তা করবে এই ল্যাবরেটরি।

❑ 'কাশী যাত্রা প্রকল্প' চালু করল কর্ণাটক সরকার। এই প্রকল্পের অধীনে, উত্তর প্রদেশের বারাণসীতে কাশী বিশ্বনাথ মন্দিরে তীর্থযাত্রা করতে ইচ্ছুক এমন ৩০,০০০ ব্যক্তিকে ৫,০০০ টাকা নগদ আর্থিক সহায়তা দেওয়া হবে। এই প্রকল্পের জন্য, 'অ্যাসিস্ট্যান্স টু মনসা সরোবর পিলগ্রিমস'এর অ্যাকাউন্ট হেড থেকে ৭ কোটি টাকা পর্যন্ত তহবিল ব্যবহার করবে রাজ্য সরকার, যা মুখ্যমন্ত্রীর বাজেট বক্তৃতায় ঘোষণা করা হয়েছিল।

❑ বিশ্বের প্রথম টেনিস তারকা হিসাবে ৪টি গ্র্যান্ডস্লামের সিঙ্গলসে ৮০টির বেশি ম্যাচ জেতার নজির গড়লেন সার্বিয়ান টেনিস তারকা নোভাক জকোভিচ। এদিন, 'উইম্বলডন'এর প্রথম রাউন্ডে দক্ষিণ কোরিয়ার টেনিস তারকা কিওন সুন উ'কে ৬-৩, ৩-৬, ৬-৩ ও ৬-৪ ব্যবধানে হারানোর পথে এই নজির গড়লেন তিনি। এটি তাঁর উইম্বলডনে টানা ২২ ম্যাচে জয়। 'যুক্তরাষ্ট্র ওপন'এ ৮১টি, 'অস্ট্রেলিয়ান ওপন'এ ৮২টি, 'ফরাসি ওপন'এ ৮৫টি ও 'উইম্বলডন'ও ৮০টি ম্যাচ জিতেছেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, ওপন এরায় রজার ফেডেরার সবথেকে বেশি ৮ বার উইম্বলডন সিঙ্গলস খেতাব জিতেছেন। জকোভিচ এবার চ্যাম্পিয়ন হলে তাঁর উইম্বলডন খেতাবের সংখ্যা হবে ৭। এর আগে, জকোভিচ উইম্বলডন জিতেছেন ২০১১, ২০১৪, ২০১৫, ২০১৮, ২০১৯ ও ২০২১ সালে।

☞ এরপর ১৬ পাতায়

# নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় ও পিআইএমটি'র কর্মমুখী ম্যানেজমেন্টের কোর্সে ভরতি

**সৈকত হালদার, কলকাতা :** নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় ও প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজির (ভারত সেবা সঙ্ঘের ইউনিট) যৌথ উদ্যোগে জুলাই সেশনে বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের ডিপ্লোমা ও অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে। যে কোনো শাখার উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা ১ বছরের ডিপ্লোমা কোর্সে ভরতি হতে পারেন। আর যে কোনো শাখার ডিগ্রি কোর্স বা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভরতির যোগ্য। ২ বছরের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সের মধ্যে শেষ বছর স্পেশালাইজেশন বিষয় হিসাবে থাকবে — হিউম্যান রিসোর্স/সেলস অ্যান্ড মার্কেটিং/অফিস/রিটেল/ফাইনান্স/ব্যাঙ্কিং ইনসিওরেন্স/লজিস্টিক্স/আই.টি - ডাটা ম্যানেজমেন্ট/আই.টি-ডিজিটাল মার্কেটিং/ট্রাভেল অ্যান্ড ট্যুরিজম/ ইভেন্ট ম্যানেজমেন্ট/সেফটি সিকিউরিটি/ইনভেন্টরী ম্যানেজমেন্ট। সংস্থার অধিকর্তা অধ্যাপক প্রবীর কুমার দে জানান, 'এই কোর্সের মূল লক্ষ্য শিল্প ব্যবস্থাপনার ক্ষেত্রে শিক্ষার্থীদের আরো দক্ষ করে তোলা — যাতে তাঁরা সহজেই কোনো সংস্থার উচ্চ বেতনের পদ তথা সুপারভাইজর বা, এক্সিকিউটিভ ক্যাটেগরিতে আবেদন করতে পারেন। এছাড়াও যাঁরা চাকরি করছেন, তাঁরাও এই কোর্স করে পদোন্নতি করতে পারেন। এছাড়াও স্বনির্ভর হওয়ার জন্যও এই কোর্সের গুরুত্ব অপরিসীম। আরেকটি গুরুত্বপূর্ণ দিক হল, এই কোর্সের কারিকুলাম থেকে পড়ানো পর্যন্ত সবটাই বিশেষভাবে প্রশিক্ষিত ম্যানেজমেন্ট বিশেষজ্ঞদের তৈরি'।

এছাড়াও এখানে নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় স্বীকৃত এই ৮টি বৃত্তিমূলক কোর্সে ভরতি নেওয়া হচ্ছে : (১) টেলারিং ও ড্রেস ডিজাইনিং, (২) ফায়ার সেফটি সিকিউরিটি (৩) ডিজাস্টার ম্যানেজমেন্ট, (৪) প্রি-প্রাইমারি টিচার্স - মন্তেশ্বরি, (৫) যোগা ও নেচারোপ্যাথি, (৬) ফিটনেস ও স্পোর্টস ম্যানেজমেন্ট, (৭) বিউটিশিয়ান ও ওয়েলনেস, (৮) জি.এস.টি ও ট্যাক্স। কোর্স পড়ার পর চাকরি ও ব্যবসার সুযোগ আছে। পড়ানো হবে এইসব স্টাডিসেন্টারে : কলকাতা (০৩৩-৩৫৯০৯৯৫৬), ডায়মন্ডহারবার (৯৩৩১২৫৬৯৩৪), বারাসাত-হৃদয়পুর (৯৬৪১৭২৬৯৫১), বর্ধমান (৯৬৭৯৭১১০০৭), ফরাক্কা (৯৭৩২৫৯৩৫৬১), খাতরা-বাঁকুড়া (৮৩৪৮২৯৭১২৯), রায়গঞ্জ (৯৩৮২৮৭৮৮৫৩), পুরুলিয়া (৭৫৮৪৯৩২৬৮০), মালদা (৯৪৭৪৬৫৩৫৬৭)। ভরতির জন্য হেল্পলাইন 9331256934 / 9830216056. website : www.pimtonline.in, e-mail : pimtonline@gmail.com

মাধ্যমিক, উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য বিশেষ সুযোগ

## স্বল্প ব্যয়ে সরকারি যোজনায় স্বাস্থ্য পরিষেবায় চাকরিমুখী ট্রেনিং

কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন অনুমোদিত স্বাস্থ্য পরিষেবা বা, প্যারামেডিক্সের বিশেষ চাকরিমুখী কোর্সের ট্রেনিং দিচ্ছে এক্সেল মেডিস্কিল হেল্থ কেয়ার ইনস্টিটিউট। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক সব শাখার ছেলেমেয়েদের জন্য :(১) এমার্জেন্সি মেডিক্যাল টেকনিশিয়ান, (২) বেসিক হেল্থ কেয়ার, (৩) ই.সি.জি টেকনিশিয়ান, (৪) ফিজিক্যাল রিহ্যাবিলিটেশন with Yoga, (৫) মেডিক্যাল ইক্যুইপমেন্ট টেকনিশিয়ান with Xray, (৬) Asst. Nursing & Midwifery নার্সিং কোর্স। আজ থেকে আবেদনপত্র দেওয়া ও কাউন্সেলিং শুরু হয়েছে। বয়স হতে হবে ১৮-৪৫ বছরের মধ্যে। আধার কার্ড থাকা বাধ্যতামূলক। বিস্তারিত জানতে ফোন করুন কলকাতা ও জেলার সেন্টারগুলিতে। সোদপুর : ৯০৭৩৯৪৩৪৯১, ৯০৭৩৯৪৩৪৯৭। মৌলালী : ৯৮৭৪৭৪৭০৩৯, ৯৮৩০০০৮২২৩, কোন্নগর : ৭৬০৩০৯৫০৬৬, বাঘাযতীন : ৯৮৭৪৬৮৪১১২, হাওড়া : ৯০৫১০১৩৫০৪, ব্যারাকপুর : ৯৮৭৪৬৮৪১১৬, বনগাঁ : ৯৮৭৪৬৭৩০০০, দুর্গাপুর : ৯৮৭৪৭৪৭০৩১, পশ্চিম মেদিনীপুর : ৯০৭৩৯১৫৮৬১, মালদা : ৯০৫১০১৩৫০১, রায়গঞ্জ : ৯৮৭৪৬৮৪১১৩, বালুরঘাট : ৯৮৭৪৭৪৭০৩২, শিলিগুড়ি : ৯০৫১০১৩৫০২, জলপাইগুড়ি : ৯৮৭৪৬৮৪১১৫, কোচবিহার : ৯৮৭৪৬৮৪১১৪। কোর্স শেষে কাজের সহায়তা করা হবে। আসন সংখ্যা সীমিত। কোর্স ফী সকলের সাধ্যের মধ্যে। বিস্তারিত জানার জন্য এখুনি ফোন করুন।

বিজ্ঞাপন

HIM HALDIA INSTITUTE OF MANAGEMENT

- the future of academic excellence

Address : ICARE Complex, Hatiberia, Haldia, Purba Medinipur, WB

● An Institute of ICARE, Haldia ● Affiliated to MAKAUT, WB ● UGC Recognized ● NAAC Accredited ● ISO Certified

■ Affordable Fees Structure ■ Scholarship / Student Credit Card Facility Available ■ Eminent Faculty Members ■ Placement Assistance

উচ্চমাধ্যমিকের পর

পেশাদারী কোর্স করে চাকরীর সুযোগ

ADMISSION OPEN 2022

COURSES OFFERED

BBA
- Hospital Management
- Business Administration
- Supply Chain Management
- Accountancy, Taxation & Auditing
- Entrepreneurship
- Digital Marketing

OTHER COURSES
- B.Sc. in Computer Science
- Bachelor of Optometry (B.Optom)
- Master of Public Health (MPH)
- Master of Hospital Administration (MHA)

Our students are working in :

MEDICA Hospitals, Apollo Hospitals, AMRI Hospitals, Flipkart, Axis Bank, lenskart, CMRI, সঞ্জীবন, WOODLANDS HOSPITAL, HDFC Life, Charnock Hospital, DESUN Hospital, ILS Hospitals

Contact for Admission : himhaldia.edu.in 24 x 7 Helpline 7797-91-7797

7797917797, 9434995829, 9933543159, 9732668802

SEBA INSTITUTE OF NURSING

Recognized by Govt. of W.B, Affiliated by WBNC & INC

Admission Open 2022

Bolpur (Santiniketan), Birbhum- 731236




পশ্চিমবঙ্গে নার্সিং কোর্সে পড়াশুনো করিয়ে মেয়েদেরকে নিজের পায়ে দাঁড়াতে শেখান

GNM ◆ B.Sc. Nursing

☛ Course Fee কম এবং কোনো লুকানো Fee বা অতিরিক্ত খরচ নেওয়া হবে না। ☛ Student Credit Card এর মাধ্যমে ভর্তির সুবিধা। ☛ আমাদের কলেজ ক্যাম্পাস 80,000 বর্গফুট। ☛ শান্তিনিকেতনের মতো শান্ত পরিবেশে কলেজ। ☛ কলেজের মধ্যে Hostel-এর সুবিধা সহ ভালো খাবার এবং ঠান্ডা ও গরম জলের ব্যবস্থা আছে। ☛ INC নিয়ম অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন।

যোগাযোগ : বল্লভপুর, বোলপুর (শান্তিনিকেতন), বীরভূম

M: 8927925499, 8250433066

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। ভেনাস হৃৎপিণ্ড কার দেহে থাকে — মাছের দেহে।

২। 'সাবমেরিন' কে আবিষ্কার করেন



— ডেভিস বাসনেল।

৩। ভারতে কোন গাছকে 'পাগলের ওষুধ' বলে — সর্পগন্ধা।

৪। বানতেল কোন শিল্পে ব্যবহৃত হয় — প্রসাধন শিল্পে।

৫। টাইফয়েডের জন্য ব্যবহৃত ওষুধটির নাম কী — ক্লোরোমাইসেটিন।

৬। মানুষের মস্তিষ্কের পর্দার নাম কী — মেনিনজেস।

৭। খাবার সোডা কী — সোডিয়াম বাই কার্বনেট।

৮। প্রকৃতিতে মুক্ত অবস্থায় যে সালফার পাওয়া যায়, তাকে কী বলে — ব্রিমস্টোন।

৯। চেতনানাশক জৈব যৌগের নাম কী — ক্লোরোফর্ম।

১০। প্রত্যেক মৌলিক পদার্থের পরমাণুর সাধারণ উপাদান কী — ইলেকট্রন।

## ইতিহাস

১১। শশাঙ্ক কোন ধর্মাবলম্বী ছিলেন — শৈব।

১২। দেওপাড়া প্রশস্তি থেকে কোন রাজার কথা জানা যায় — রাজা বিজয় সেন।

১৩। শৈলেন্দ্র রাজাদের শ্রেষ্ঠ সৃষ্টি কী — বরবুদুরের বৌদ্ধ স্তূপ।

১৪। 'শিলাদিত্য' কার উপাধি ছিলেন — হর্ষবর্ধন।

১৫। চোল রাজাদের স্বর্ণমুদ্রার নাম কী ছিল — কাশু।

১৬। দীপঙ্কর শ্রীজ্ঞান কোথায় মারা যান — তিব্বতে।

১৭। চোল বংশের শেষ শক্তিশালী রাজা কে ছিলেন — কুলোতুঙ্গ।

১৮। মা-হুয়ান কার সময়ে বাংলাদেশে আসেন — গিয়াস-উদ-দীন আজম শাহ।

১৯। মধ্যযুগীয় রাজতন্ত্রের আয়ের মূল উৎস কী ছিল — ভূমি রাজস্ব।

২০। 'আমুক্ত মালাদা' বইটির লেখক কে — কৃষ্ণদেব রায়।

## ভূগোল

২১। কোন নদী পাঞ্জাবের রোপারের কাছে মৈনাদেবীধর পর্বতে 'ভাকরা' নামে গভীর গিরিখাত সৃষ্টি করেছে — শতদ্রু।

২২। 'আলফালফা' কী — পম্পাস সমভূমি অঞ্চলের এক জাতীয় ঘাস।

২৩। নর্মদা নদীর উৎপত্তিস্থল কোথায় — অমরকণ্টক মালভূমি।

২৪। ভারতে সবথেকে বেশি কোন জাতীয় কয়লা পাওয়া যায় — বিটুমিনাস।

২৫। পৃথিবী কোন দিক থেকে কোন দিকে আবর্তিত হয় — পশ্চিম থেকে পূর্বে।

২৬। পানামা খাল কোন দু'টি মহাসাগরকে যুক্ত করেছে — আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরকে।

২৭। নদীপ্রবাহ পরিমাপের একককে কী বলে — কিউসেক।

২৮। একটি নিয়ত বায়ুপ্রবাহের নাম কী — আয়ন বায়ু।

২৯। নদীখাত খুব সংকীর্ণ ও গভীর হলে তাকে কী বলে — মিয়েন্ডার।

৩০। স্টিভেনসন স্ক্রিনের সাহায্যে কী করা



হয় — বায়ুর উষ্ণতা পরিমাপ করা হয়।

## অর্থনীতি

৩১। পণ্য ও পরিষেবা কর বাস্তবায়নের স্মরণে, কোন দিনটিকে 'জিএসটি দিবস' হিসাবে পালন করা হয় — ১ জুলাই।

৩২। কোন আন্তর্জাতিক ব্যাঙ্ক সম্প্রতি ভারতের প্রধানমন্ত্রীর 'আয়ুষ্মান ভারত' প্রকল্পে অর্থায়নের জন্য ১.৭৫ বিলিয়ন ডলার অনুমোদন করল — বিশ্বব্যাঙ্ক।

৩৩। 'রিলায়েন্স জিও ইনফোকম লিমিটেড'এর চেয়ারম্যান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — আকাশ আম্বানি।

৩৪। কে সিলবারম্যান সম্প্রতি কোন কোম্পানির চিফ এক্সিকিউটিভ অফিসার পদ থেকে পদত্যাগ করলেন — Pinterest (নতুন চিফ এক্সিকিউটিভ অফিসার হয়েছেন বিল রেডি)।

৩৫। ২০২২ সালের জুনে মোট জিএসটি সংগ্রহের পরিমাণ কত — মোট ১.৪৪ লাখ কোটি টাকা।

৩৬। কোন দেশ ইউক্রেনকে ১ বিলিয়ন পাউন্ড মিলিটারি সহায়তা দিচ্ছে — ব্রিটেন।

## রাষ্ট্রনীতি

৩৭। সংবিধানের কোন ধারায়, প্রত্যেক রাজ্যে হাই কোর্ট স্থাপনের কথা বলা হয়েছে — ২১৪ নম্বর।

৩৮। মহকুমা স্তরে দেওয়ানি আদালত কোনটি — মুন্সেফি আদালত।

৩৯। লোক আদালতের জনক কে — সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি পি.এন.ভগবতী।

৪০। লোকসভার জিরো আওয়ারের মেয়াদকাল কতদিনের — অনির্দিষ্ট।

৪১। রাষ্ট্রপতির বক্তৃতা কে তৈরি করেন — প্রধানমন্ত্রী ও তাঁর ক্যাবিনেট।

## সাম্প্রতিক ঘটনা

৪২। ২০২২ সালে কে 'মিস ইন্ডিয়া ওয়ার্ল্ডওয়াইড'এর সম্মান পেলেন —



খুশি প্যাটেল।

৪৩। সম্প্রতি 'ইউনেস্কো'র 'ওয়ার্ল্ড নেটওয়ার্ক অফ বায়োস্ফিয়ার রিজার্ভ'এ যুক্ত হল 'খুভসগুল হ্রদ জাতীয় উদ্যান'। এটি কোন দেশে অবস্থিত — মঙ্গোলিয়া।

৪৪। কোন দেশ সম্প্রতি পরিবেশ দূষণ রুখতে, ১ জুলাই থেকে, একক ব্যবহারযোগ্য প্লাস্টিক বা তা দিয়ে তৈরি সামগ্রী নিষিদ্ধ করল — ভারত।

৪৫। সম্প্রতি দিল্লির সফদরজং রেলওয়ে স্টেশন থেকে যাত্রা শুরু করল প্রথম ভারত গৌরব টুরিস্ট ট্রেন। ট্রেনটি কোন ২ দেশের মধ্যে যোগাযোগ রক্ষা করবে — ভারত ও নেপাল।

৪৬। ২০২২ সালে যুক্তরাজ্যে অনুষ্ঠিত, এনআরআই ওয়ার্ল্ড সামিট'এ কে 'শিরোমণি পুরস্কার' পেলেন — শিল্পী, ব্যবসায়ী ও সমাজসেবী মিশেল পুনাওয়ালা (শিল্পকলার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পেলেন তিনি)।

৪৭। ভারতীয় বিমানবাহিনীর মর্যাদাপূর্ণ সেন্ট্রাল এয়ার কম্যান্ডের এয়ার অফিসার কম্যান্ডিং-ইন-চিফ হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — এয়ার মার্শাল অমর প্রীত সিং।

৪৮। ভারতের অ্যাটর্নি জেনারেল এখন



কে — কোট্টায়ান কাতানকোট ভেনুগোপাল।

৪৯। ইজরায়েলের প্রধানমন্ত্রী হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ইয়ার ল্যাপিড।

৫০। কোন মহাকাশ সংস্থা সম্প্রতি চাঁদে 'CAPSTONE' মহাকাশযান উৎক্ষেপণ করল — নাসা।

৫১। ২০২২ সালে কোন দেশে ১১ তম 'ওয়ার্ল্ড আরবান ফোরাম' অনুষ্ঠিত হয়েছে — পোল্যান্ড।

৫২। ২০২২ সালে ভারতের কোন রাজ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'ডিজিটাল ইন্ডিয়া সপ্তাহ'এর উদ্বোধন করেছেন — গুজরাত।

৫৩। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'নারী কো নমন' প্রকল্প চালু করল — হিমাচল প্রদেশ (এই প্রকল্পের অধীনে, রাজ্যের মহিলা যাত্রীদের রাজ্যের মধ্যে ভ্রমণের ক্ষেত্রে সরকারি বাস ভাড়ায় ৫০% ছাড় দেওয়া হবে)।

৫৪। এনটিপিসি সম্প্রতি কোন রাজ্যে ভারতের বৃহত্তম ভাসমান সৌর বিদ্যুৎ প্রকল্প চালু করল — তেলেঙ্গানা।

৫৫। বেঙ্গালুরুতে বৈদ্যুতিক যানবাহন চার্জিং স্টেশন সম্পর্কে তথ্য প্রদানের জন্য, কোন কোম্পানি সম্প্রতি 'ইভি মিত্র' মোবাইল অ্যাপ চালু করল — বেঙ্গালুরু ইলেক্ট্রিসিটি কোম্পানি।

৫৬। কোন মহাকাশ সংস্থা সম্প্রতি সিঙ্গাপুরের ৩টি উপগ্রহ-সহ একটি 'PSLV-C53' লঞ্চ করল — ইসরো।

৫৭। সম্প্রতি ভারতের কোন শহরে বিশ্বের বৃহত্তম টেকনোলজি হাবের উদ্বোধন করা হয়েছে — তেলেঙ্গানার হায়দরাবাদ।

৫৮। মহারাষ্ট্রের ঔরঙ্গাবাদ ও ওসমানাবাদ শহরের নতুন নাম কী হতে চলেছে — যথাক্রমে সাম্ভাজি নগর ও ধারাশিব।

৫৯। মুম্বইয়ের নতুন পুলিশ কমিশনার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — বিবেক ফাঁসালকার।

৬০। ২০২১ সালে কে সিআইআই 'কোয়ালিটি রত্ন পুরস্কার' পেলেন — আইটি সার্ভিস ম্যানেজমেন্ট কোম্পানি 'হ্যাপিয়েস্ট মাইন্ডস টেকনোলজিস'এর প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অশোক সুতা।

৬১। 'রাষ্ট্রসঙ্ঘ'এর রিপোর্ট অনুযায়ী, ২০৩৫ সালে ভারতের জনসংখ্যা কত হবে — ৬৭৫ মিলিয়ন।

৬২। ভারতের বৃহত্তম পোকার প্ল্যাটফর্ম 'PokerBaazi.com'এর ব্র্যান্ড অ্যাম্বাসাডর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — বলিউড অভিনেতা শাহিদ কাপুর।

৬৩। 'ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স'এর প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ভারতীয় বংশোদ্ভূত সিঙ্গাপুরিয়ান টি.রাজা কুমার।

৬৪। সম্প্রতি প্রয়াত অম্বিকা রাও (৫৮ বছর) কে ছিলেন — মালয়লম অভিনেত্রী।

৬৫। সম্প্রতি ১৮ বছর বা তার বেশি বয়সি ব্যক্তিদের জন্য, প্রথম দেশীয়ভাবে তৈরি কোভিড-১৯ টিকায় অনুমোদন দিল দক্ষিণ কোরিয়া। টিকাটির নাম কী — SkyCovione।

৬৬। মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — একনাথ শিন্ডে।

৬৭। ফিলিপিন্সের প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ফার্দিনান্দ মার্কোস জুনিয়র।

৬৮। 'গেইল (ইন্ডিয়া) লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সন্দীপ কুমার গুপ্তা।

৬৯। সম্প্রতি প্রয়াত পালোনজি মিস্ত্রি



(৯৩ বছর) কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত ছিলেন — ব্যবসায়ী।

৭০। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'কাশী যাত্রা প্রকল্প' চালু করল — কর্ণাটক (এই প্রকল্পের অধীনে, উত্তর প্রদেশের বারাণসীতে কাশী বিশ্বনাথ মন্দিরে তীর্থযাত্রা করতে ইচ্ছুক এমন ৩০,০০০ ব্যক্তিকে ৫,০০০ টাকা নগদ আর্থিক সহায়তা দেওয়া হবে)।

৭১। কারা সম্প্রতি 'কেম্পেগৌড়া আন্তর্জাতিক পুরস্কার' পেলেন — কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী এস.এম.কৃষ্ণ, 'ইনফোসিস'এর প্রতিষ্ঠাতা এন.আর.নারায়ণ মূর্তি ও প্রাক্তন ব্যাডমিন্টন খেলোয়াড় প্রকাশ পাড়ুকোন।

৭২। কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী নরেন্দ্র সিং তোমর সম্প্রতি কোথায় মধু পরীক্ষার ল্যাবরেটরি উদ্বোধন করলেন — নাগাল্যান্ডের ডিমাপুরে।

৭৩। ঝাড়খণ্ড ও অন্ধ্র প্রদেশের পর, এবার সম্প্রতি ভারতের কোন রাজ্য থেকে বিপুল পরিমাণ ইউরেনিয়ামের খোঁজ মিলল — রাজস্থান।

৭৪। সম্প্রতি ভারতের কোন রাজ্যে ৪ দিন ব্যাপী অম্বুবাচী মেলা অনুষ্ঠিত হল — অসম।

৭৫। কে সম্প্রতি 'ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে অতিরিক্ত দায়িত্ব নিলেন — পি.উদয়কুমার।

৭৬। সম্প্রতি কোন দেশে 'পদ্মা' সেতুর উদ্বোধন করা হয়েছে — বাংলাদেশ।

৭৭। কোন দেশ শীঘ্রই গর্ভপাতের অধিকারকে নিষিদ্ধ ঘোষণা করতে চলেছে — মার্কিন যুক্তরাষ্ট্র।

৭৮। 'ইন্ডিয়া ডেবট রেজোলিউশন কোম্পানি লিমিটেড'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — অবিনাশ কুলকার্নি।

৭৯। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি ৩,৭০০ মেগাওয়াট আদানি গ্রিন এনার্জি প্রকল্পের অনুমোদন করল — অন্ধ্র প্রদেশ।

## খেলাধুলা

৮০। ২০২২ সালে কে 'কানাডিয়ান গ্রাঁ প্রি' জিতলেন — রেডবুলের ম্যাক্স ভারস্তাপেন।

৮১। কে সম্প্রতি স্টকহোমে অনুষ্ঠিত, মর্যাদাপূর্ণ 'ডায়মন্ড লিগ প্রতিযোগিতা'য় প্রথম পদক (রুপোর পদক) পেলেন — অলিম্পিক্স চ্যাম্পিয়ন নীরজ চোপড়া (৮৯.৯৪ মিটার দূরত্বে জ্যাভলিন ছুঁড়ে রুপোর পদক পেলেন তিনি)।

৮২। ২০২২ সালে কে 'ভারতীয় ক্রীড়া সমর্থক পুরস্কার' পেলেন — কার্তিকেয় শর্মা।

৮৩। ইংল্যান্ডের ওয়ান ডে ও টোয়েন্টি-২০ দলের অধিনায়ক হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — জস বাটলার।

৮৪। কোন ভারতীয় ক্রিকেটার সম্প্রতি টেস্ট ক্রিকেটের ইতিহাসে এক ওভারে ৩৫ রান করে বিশ্বরেকর্ড গড়লেন — জসপ্রীত বুমরা।

৮৫। সম্প্রতি অবসর নেওয়া ইয়ন মর্গ্যান কোন খেলার সঙ্গে যুক্ত ছিলেন — ক্রিকেট।

৮৬। কে সম্প্রতি ২০০ মিটার দৌড়ে সোনার পদক জিতে ভারতের তৃতীয় দ্রুততম দৌড়বিদে পরিণত হলেন — ধনলক্ষ্মী সেকর (২২.৮৯ সেকেন্ড সময় নিয়ে দৌড়ে সোনার পদক পেলেন তিনি)।

৮৭। ২০২২ সালে 'কমনওয়েলথ গেমস'এর জন্য ভারতীয় মহিলা হকি



দলের অধিনায়ক হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সবিতা পুনিয়া।

৮৮। লাইভ কনটেন্ট, স্পোর্টস স্ট্যাটিস্টিক্স ও ই-কমার্স মার্কেটপ্লেস 'Fan Code'এর ব্র্যান্ড অ্যাম্বাসাডর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ভারতীয় ক্রিকেট দলের প্রাক্তন কোচ রবি শাস্ত্রী।

৮৯। কে সম্প্রতি বিশ্বের প্রথম টেনিস তারকা হিসাবে ৪টি গ্র্যান্ডস্ল্যামের সিঙ্গলসে ৮০টির বেশি ম্যাচ জেতার নজির গড়লেন — সার্বিয়ান টেনিস তারকা নোভাক জকোভিচ।

৯০। সম্প্রতি প্রয়াত বারিন্দর সিং (৭৫ বছর) কোন খেলার সঙ্গে যুক্ত ছিলেন — হকি।

**সঙ্কলক : পলি দেওয়ান**

# কেন্দ্রীয় সংস্থায় ১১০ ম্যানেজমেন্ট ট্রেনি, টেকনিশিয়ান

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সংস্থা, দ্য ফার্টিলাইজার্স অ্যান্ড কেমিক্যালস ট্রাভাঙ্কোর (এফ.এ.সি.টি.) ম্যানেজমেন্ট ট্রেনি ও টেকনিশিয়ান পদে ১১০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ম্যানেজমেন্ট ট্রেনি (কেমিক্যাল) :** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল টেকনোলজি, পেট্রোকেমিক্যাল টেকনোলজি, পেট্রোলিয়াম রিফাইনিং অ্যান্ড পেট্রো-কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা, পলিমার টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৬ বছরের মধ্যে। শুরুতে ২ বছরের ট্রেনিং। তখন প্রথম বছর মাইনে মাসে ৩০,০০০ টাকা ও দ্বিতীয় বছর মাসে ৩৫,০০০ টাকা। সফল হলে মূল মাইনে ২০,৬০০-৪৬,৫০০ টাকা। শূন্যপদ : ১৮টি (জেনাঃ ৯, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ১)। পোস্ট কোড : 08.

**ম্যানেজমেন্ট ট্রেনি (মেকানিক্যাল) :** মেকানিক্যাল, প্রোডাকশন, ম্যানুফ্যাকচারিং বা, ম্যানুফ্যাকচারিং সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৬ বছরের মধ্যে। শুরুতে ২ বছরের ট্রেনিং। তখন প্রথম বছর মাইনে মাসে ৩০,০০০ টাকা ও দ্বিতীয় বছর মাসে ৩৫,০০০ টাকা। সফল হলে মূল মাইনে ২০,৬০০-৪৬,৫০০ টাকা। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ৭, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। পোস্ট কোড : 09.

**ম্যানেজমেন্ট ট্রেনি (ইলেক্ট্রিক্যাল) :** ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স কিংবা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৬ বছরের মধ্যে। শুরুতে ২ বছরের ট্রেনিং। তখন প্রথম বছর মাইনে মাসে ৩০,০০০ টাকা ও দ্বিতীয় বছর মাসে ৩৫,০০০ টাকা। সফল হলে মূল মাইনে ২০,৬০০-৪৬,৫০০ টাকা। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৫, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। পোস্ট কোড : 10.

**ম্যানেজমেন্ট ট্রেনি (ইন্সট্রুমেন্টেশন) :** ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৬ বছরের মধ্যে। শুরুতে ২ বছরের ট্রেনিং। তখন প্রথম বছর মাইনে মাসে ৩০,০০০ টাকা ও দ্বিতীয় বছর মাসে ৩৫,০০০ টাকা। সফল হলে মূল মাইনে ২০,৬০০-৪৬,৫০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। পোস্ট কোড : 11.

**ম্যানেজমেন্ট ট্রেনি (সিভিল) :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৬ বছরের মধ্যে। শুরুতে ২ বছরের ট্রেনিং। তখন প্রথম বছর মাইনে মাসে ৩০,০০০ টাকা ও দ্বিতীয় বছর মাসে ৩৫,০০০ টাকা। সফল হলে মূল মাইনে ২০,৬০০-৪৬,৫০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ)। পোস্ট কোড : 12.

**ম্যানেজমেন্ট ট্রেনি (হিউম্যান রিসোর্স) :** হিউম্যান রিসোর্স, পার্সোনেল ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স, লেবার ওয়েলফেয়ার, সোশ্যাল ওয়ার্কের ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা, ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৬ বছরের মধ্যে। শুরুতে ২ বছরের ট্রেনিং। তখন প্রথম বছর মাইনে মাসে ৩০,০০০ টাকা ও দ্বিতীয় বছর মাইনে ৩৫,০০০ টাকা। সফল হলে মূল মাইনে ২০,৬০০-৪৬,৫০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। পোস্ট কোড : 16.

**ম্যানেজমেন্ট ট্রেনি (মেটেরিয়ালস) :** ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বিজনেস ম্যানেজমেন্ট-সহ যে কোনো শাখার পোস্ট-গ্র্যাজুয়েটরা যোগ্য। মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে ২৬ বছরের মধ্যে। শুরুতে ২ বছরের ট্রেনিং। তখন প্রথম বছর মাইনে মাসে ৩০,০০০ টাকা ও দ্বিতীয় বছর মাইনে ৩৫,০০০ টাকা। সফল হলে মূল মাইনে ২০,৬০০-৪৬,৫০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। পোস্ট কোড : 17.

**টেকনিশিয়ান (প্রসেস) :** কেমিস্ট্রি, ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। কেমিক্যাল বা, কেমিক্যাল টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশরা ২ বছরের পোস্ট-কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে ৯,২৫০-৩২,০০০ টাকা। শূন্যপদ : ৪৫টি (জেনাঃ ১৮, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ২)। পোস্ট কোড : 18.

**টেকনিশিয়ান (মেকানিক্যাল) :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা বৃহৎ ফার্টিলাইজার, কেমিক্যাল বা, পেট্রোকেমিক্যাল প্ল্যান্টে অন্তত ২ বছরের পোস্ট-কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে ৯,২৫০-৩২,০০০ টাকা। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। পোস্ট কোড : 19.

**টেকনিশিয়ান (ইলেক্ট্রিক্যাল) :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা বৃহৎ ফার্টিলাইজার, কেমিক্যাল বা, পেট্রোকেমিক্যাল প্ল্যান্টে অন্তত ২ বছরের পোস্ট-কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে ৯,২৫০-৩২,০০০ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। পোস্ট কোড : 20.

**টেকনিশিয়ান (ইন্সট্রুমেন্টেশন) :** ইন্সট্রুমেন্টেশন বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা বৃহৎ ফার্টিলাইজার, কেমিক্যাল বা, পেট্রোকেমিক্যাল প্ল্যান্টে অন্তত ২ বছরের পোস্ট-কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে ৯,২৫০-৩২,০০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। পোস্ট কোড : 21.

**টেকনিশিয়ান (সিভিল) :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা বৃহৎ ফার্টিলাইজার, কেমিক্যাল বা, পেট্রোকেমিক্যাল প্ল্যান্টে অন্তত ২ বছরের পোস্ট-কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে ৯,২৫০-৩২,০০০ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ)। পোস্ট কোড : 22.

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-৪-২০২২'এর হিসাবে। তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 07/2022 dated 06.07.2022.

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্টের মাধ্যমে। ৮ থেকে ১৭নং পোস্ট কোডের বেলায় পরীক্ষা হবে দিল্লি, ব্যাঙ্গালোর, তিরুবনন্তপুরম, হায়দরাবাদ, চেন্নাই, কোচিতে। এই পরীক্ষায় থাকবে দুটি পার্ট। প্রথম পার্টে থাকবে ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট-৬০ নম্বর, জেনারেল ইংলিশ -১০ নম্বর, জেনারেল নলেজ-১০ নম্বর। আর দ্বিতীয় পার্টে থাকবে ৬০ নম্বরের ৬০টি টেকনিক্যাল অ্যাপ্টিটিউড বা, সংশ্লিষ্ট বিষয়ের ওপর। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। সময় থাকবে ১২০ মিনিট। এরপর গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ হবে উদ্যোগমণ্ডল ও কোচিতে। অন্যান্য পদের বেলায় পরীক্ষা হবে তিরুবনন্তপুরম ও কোচিতে। এই পরীক্ষায় থাকবে দুটি পার্ট। প্রথম পার্টে থাকবে অ্যাপ্টিটিউড ও রিজনিং-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। দ্বিতীয় পার্টে থাকবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর-৬০ নম্বরের ৬০টি প্রশ্ন। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। সময় থাকবে ৯০ মিনিট।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৯ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : www.fact.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ পোস্ট কোড ৮ থেকে ১৭'এর বেলায় ১,১৮০ টাকা আর ১৮ থেকে ২২ নং পোস্ট কোডের বেলায় ৫৯০ টাকা অনলাইনে দিতে হবে। তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওপরের ওই ওয়েবসাইটে।


উচ্চমাধ্যমিক পাশের পর ছাত্র-ছাত্রীরা কি নিয়ে পড়লে, কোথায় পড়লে ভবিষ্যৎ উজ্জ্বল হবে? তার সঠিক সিদ্ধান্ত নিতে আজই আমাদের সাথে যোগাযোগ করুন! দীর্ঘ ১৫ বছর ধরে আমরাই দেখাচ্ছি এর সঠিক দিশা...

FEATURES
- DEGREE FROM AFFILIATED BY STATE GOVT. UNIVERSITY
- 100% JOB ASSURANCE
- SCHOLARSHIP FACILITY
- EDUCATION LOAN AVAILABLE

অন্য জায়গায় ভর্তি হয়ে ঠকবেন !! নাকি সাফল্যের সাথে এক যুগ পার করা বিশ্বস্থ প্রতিষ্ঠানে ভর্তি হবেন ? সিদ্ধান্ত আপনার!!

GNM - নার্সিং | BSC- নার্সিং | PARA MEDICAL
BBA (H) | BCA | BBA (H) IN HOSPITAL MANAGEMENT
BBA (H) TOUR & TRAVELS | BBA (H) IT & ITES | MBA | MCA | B. TECH | M. TECH
HOTEL MANAGEMENT | লাইব্রেরী সায়েন্স | LLB
PHD | BA / B.SC / B.COM | MA / M.SC / M.COM
ঔষধের দোকান খোলার জন্য PHARMACY বাধ্যতামূলক
D. PHARMACY | B. PHARMACY

NIBEDITA INSTITUTE AND MANAGEMENT
An ISO 9001 : 2015 CERTIFIED INSTITUTE / Govt. of W.B. Reg. No.- IV-1903-00021/2021
Website : nibeditainstituteandmanagement.com
হেড অফিস ঃ দূর্গাবাড়ি মোড়, ময়নাগুড়ি, জলপাইগুড়ি, ৭৩৫২২৪
8392029714 / 9932587694

১২ পাতার পর

□ ২০২২ সালে 'অনূর্ধ্ব-২৩' এশিয়ান কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ ৮৬ কেজি ফ্রিস্টাইল ওয়েট বিভাগে ব্রঞ্জ পদক পেলেন ভারতীয় ফ্রিস্টাইল কুস্তিগির দীপক পুনিয়া। কিরগিজস্তানের প্রতিপক্ষ মাকসাত স্যাটিবাল্ডিকে হারিয়ে এই পদক পেলেন তিনি।

**২৮ জুন :** ইমেজ শেয়ারিং ও সোশ্যাল মিডিয়া সার্ভিস 'Pinterest'এর নতুন চিফ এক্সিকিউটিভ অফিসার হচ্ছেন বিল রেডি।

'রিলায়েন্স জিও ইনফোকম লিমিটেড'এর চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন আকাশ আম্বানি।



□ ভারতের বৃহত্তম পোকার প্ল্যাটফর্ম 'PokerBaazi.com'এর ব্র্যান্ড অ্যাম্বাসাডর হিসাবে মনোনীত হলেন বলিউড অভিনেতা শাহিদ কাপুর।

□ প্রবীণ শিল্পপতি পালোনজি মিস্ত্রি (৯৩ বছর) মারা গেলেন। 'শাপুরজি পালোনজি গ্রুপ'এর চেয়ারম্যান ছিলেন তিনি। ২০১৬ সালে ভারতের তৃতীয় সর্বোচ্চ বেসামরিক পুরস্কার 'পদ্মভূষণ' পান তিনি।

□ ভারতীয় ফিল্ড হকি তারকা ভারিন্দর সিং (৭৫ বছর) মারা গেলেন। ১৯৭৫ সালে কুয়ালালামপুরে আয়োজিত 'হকি বিশ্বকাপ'এ সোনার পদকজয়ী ভারতীয় দলের সদস্য ছিলেন তিনি। এছাড়াও, ১৯৭২ সালে 'মিউনিখ অলিম্পিক্স'এ ব্রঞ্জ পদক জিতেছিল ভারত। সেই দলেরও সদস্য ছিলেন তিনি। ভারতীয় হকি দলের সাফল্যে অসামান্য অবদান রাখার জন্য, ২০০৭ সালে 'ধ্যানচাঁদ জীবনকৃতি সম্মান' পান ভারিন্দর।

□ ২৮ থেকে ৩০ জুন, স্পেনের মাদ্রিদে অনুষ্ঠিত হল ২০২২ সালের ৩২ তম 'ন্যাটো সম্মেলন'। এই সম্মেলনের সভাপতিত্ব করেছেন 'ন্যাটো'র সেক্রেটারি জেনারেল জেনস স্টলটেনবার্গ। ৩ দিন ব্যাপী এই সম্মেলনে ন্যাটো সদস্য ও অংশীদার দেশগুলির রাষ্ট্রপ্রধান ও সরকারপ্রধানরা অংশ নেন।

□ ২০২২ সালে মার্কিনি অ্যাসেট ম্যানেজমেন্ট ফার্ম 'Mercer'এর তরফ থেকে প্রকাশিত 'কস্ট অফ লিভিং ইনডেক্স' অনুযায়ী, ভারতীয় শহরগুলির মধ্যে, বিদেশি কর্মীদের জন্য সবথেকে ব্যয়বহুল শহরের তকমা পেল মুম্বই। সারা বিশ্বের ২২৭টি শহরের মধ্যে মুম্বইয়ের স্থান ১২৭। তারপরই রয়েছে নয়াদিল্লি (১৫৫), চেন্নাই (১৭৭)। প্রসঙ্গত উল্লেখ্য, সারা বিশ্বের মধ্যে এই তালিকায় শীর্ষ স্থানে রয়েছে হংকং।

□ বিশ্বের বৃহত্তম টেকনোলজি হাবের উদ্বোধন হল হায়দরাবাদে। এদিন, তেলেঙ্গানার হায়দরাবাদে হাইটেক সিটির রায়দুর্গে, টেকনোলজি হাবের দ্বিতীয় পর্যায়ের উদ্বোধন করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী কে.চন্দ্রশেখর রাও। ২৭৬ কোটি টাকা খরচে, মোট ৫.৮২ (৫,৮২,০০০) লাখ বর্গফুটের বেশি বিল্ড-আপ এলাকা নিয়ে তৈরি হওয়া এই দ্বিতীয় পর্যায়ের টেকনোলজি হাবে ২,০০০টিরও বেশি স্টার্টআপ, কর্পোরেট, বিনিয়োগকারী, জাতীয় ও আন্তর্জাতিক ইকোসিস্টেম রয়েছে। পাব্লিক-প্রাইভেট পার্টনারশিপ উদ্যোগে এটি তৈরি করা হয়েছে। ২০১৫ সালে আইআইটি হায়দরাবাদে টেকনোলজি হাবের প্রথম পর্যায়টি চালু হয়েছিল। প্রসঙ্গত উল্লেখ্য, এতদিন পর্যন্ত, বিশ্বের বৃহত্তম স্টার্টআপ ইনকিউবেটর হিসাবে পরিচিত ছিল প্যারিসে অবস্থিত 'স্টেশন এফ', যার মোট বিল্ড আপ এলাকা ৩,৭০,০০০ বর্গফুট।

□ স্থানীয় সময় রাত ৯:৫৫ মিনিটে, রকেট ল্যাবের ইলেক্ট্রন রকেটে চড়ে সফলভাবে নিউজিল্যান্ডের মাহিয়া উপদ্বীপ থেকে চাঁদে 'CAPSTONE' (সিসলুনার অটোনমাস পজিশনিং সিস্টেম টেকনোলজি অপারেশনস অ্যান্ড নেভিগেশন এক্সপেরিমেন্ট) মহাকাশযান উৎক্ষেপণ করলেন 'নাসা'র গবেষকরা। ক্যাপস্টোন হল একটি মাইক্রোওয়েভ ওভেন আকৃতির কিউবস্যাট, যার ওজন মাত্র ৫৫ পাউন্ড (২৫ কেজি)। চাঁদের কক্ষপথ পরীক্ষা করার জন্য এটির নকশা তৈরি করা হয়েছে, যা 'আর্তেমিস প্রোগ্রাম'এর অংশ হিসাবে ব্যবহার করা যেতে পারে। এটি একটি প্রসারিত কক্ষপথে প্রবেশ করবে, যাকে বলা হয় 'নিয়ার রেক্টিলিনিয়ার হ্যালো অরবিট'। ১৩ নভেম্বর ক্যাপস্টোন সেই কক্ষপথে পৌঁছাবে বলে আশা করা হচ্ছে।

**২৯ জুন :** আরও ৩ মাসের জন্য, ভারতের অ্যাটর্নি জেনারেল হিসাবে মনোনীত হলেন কোট্টায়ান কাতানকোট ভেনুগোপাল।

□ মুম্বইয়ের নতুন পুলিশ কমিশনার হিসাবে মনোনীত হলেন বিবেক ফাঁসালকার।

□ 'গেইল (ইন্ডিয়া) লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন সন্দীপ কুমার গুপ্তা।

□ মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিলেন উদ্ধব ঠাকরে।

□ ২০২২ সালে 'ভারতীয় ক্রীড়া সমর্থক পুরস্কার' পেলেন 'ProSportify'এর প্রতিষ্ঠাতা ও রাজ্যসভার সাংসদ কার্তিকেয় শর্মা। ভারতীয় ক্রীড়া ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পেলেন তিনি।

□ মঙ্গল গ্রহের প্রথম পূর্ণাঙ্গ ত্রিমাত্রিক মানচিত্র তৈরি করল চিন। চিনা মহাকাশ গবেষণা সংস্থা 'চায়না ন্যাশনাল স্পেস অ্যাডমিনিস্ট্রেশন' জানিয়েছে, তাদের পাঠানো মহাকাশযান 'তিয়ানওয়েন-১' পূর্বনির্দিষ্ট কক্ষপথে ১,৩০০ বার মঙ্গল গ্রহকে পরিক্রমা করে এই নিখুঁত মানচিত্র তৈরি করেছে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২০ সালের জুলাইয়ে, পৃথিবী থেকে প্রায় ১০ কোটি কিলোমিটার দূরের মঙ্গল গ্রহের উদ্দেশ্যে পাড়ি দিয়েছিল চিনা মহাকাশ বিজ্ঞানীদের তৈরি 'তিয়ানওয়েন-১'। ২০২১ সালের ফেব্রুয়ারির শেষে মঙ্গলের কক্ষপথে পৌঁছায় এই মহাকাশযান। এরপর মহাকাশযান থেকে একটি ল্যান্ডার ও একটি রোভার মঙ্গল গ্রহের ইউটোপিয়া অঞ্চলে অবতরণ করেছিল।

□ মহারাষ্ট্রের ঔরঙ্গাবাদ ও ওসমানাবাদ শহরের নাম বদল করার প্রস্তাবে অনুমোদন দিল রাজ্যের মন্ত্রিসভা। এর ফলে, ঔরঙ্গাবাদ শহরের নতুন নাম হতে চলেছে সাম্ভাজি নগর ও ওসমানাবাদ শহরের নাম হতে চলেছে ধারাশিব। এছাড়াও, 'নভি মুম্বই বিমানবন্দর'এর নাম বদল করে করা হচ্ছে 'ডিবি পাটিল আন্তর্জাতিক বিমানবন্দর'।

□ আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিলেন ইংল্যান্ডের ক্রিকেটার ইয়ন মর্গ্যান। ৭ বছরের বেশি সময় ধরে ইংল্যান্ড দলকে সাদা বলের ক্রিকেটে নেতৃত্ব দিয়েছেন তিনি। তাঁর নেতৃত্বেই ২০১৯ সালে একদিনের ক্রিকেটে বিশ্বকাপ জেতে ইংল্যান্ড। ২০০৯ সাল থেকে ইংল্যান্ড দলের হয়ে খেলা শুরু করা মর্গ্যান আন্তর্জাতিক মঞ্চে ১৬টি টেস্ট খেলেন। লাল বলের ক্রিকেটে তাঁর সংগ্রহ ৭০০ রান। আন্তর্জাতিক মঞ্চে ১১৫টি টোয়েন্টি-২০ ম্যাচ খেলেছেন। ক্রিকেটের ক্ষুদ্রতম সংস্করণে তাঁর সংগ্রহ ২,৪৫৮ রান। তবে, আন্তর্জাতিক ক্রিকেট ছাড়লেও ঘরোয়া ক্রিকেট খেলবেন তিনি।

**৩০ জুন :** ফিলিপিন্সের প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন ফার্দিনান্দ মার্কোস জুনিয়র।

মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী হিসাবে মনোনীত হলেন একনাথ শিন্ডে।



□ লাইভ কনটেন্ট, স্পোর্টস স্ট্যাটিস্টিক্স ও ই-কমার্স মার্কেটপ্লেস 'Fan Code'এর ব্র্যান্ড অ্যাম্বাসাডর হিসাবে মনোনীত হলেন ভারতীয় ক্রিকেট দলের প্রাক্তন কোচ রবি শাস্ত্রী।

□ হরিয়ানার কুরুক্ষেত্র শহরের জ্যোতিসার গ্রামে ৪৪ ফুট লম্বা শ্রীকৃষ্ণের 'বিরাট স্বরূপ' মূর্তি উন্মোচিত হল। ১৮২ মিটার দীর্ঘ এই মূর্তি তৈরিতে ব্যবহার হয়েছে অষ্টধাতু, যা তৈরি করেছেন ভাস্কর্যশিল্পী রাম ভনজি সুতার। হরিয়ানা পর্যটন দফতর ও কুরুক্ষেত্র ডেভেলপমেন্ট বোর্ডের উদ্যোগে তৈরি হওয়া এই মূর্তি তৈরি করতে খরচ হয়েছে ১০ কোটি টাকা। এই মূর্তিকে কেন্দ্র করে তৈরি হবে 'লাইট অ্যান্ড সাউন্ড' শো। এর ফলে, কুরুক্ষেত্র শহরটির ধর্মীয় পরিচিতি তৈরি হবে বলে মনে করা হচ্ছে।

□ ২০২১ সালে সিআইআই 'কোয়ালিটি রত্ন পুরস্কার' পেলেন আইটি সার্ভিস ম্যানেজমেন্ট কোম্পানি 'হ্যাপিয়েস্ট মাইন্ডস টেকনোলজিস'এর প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অশোক সুতা। প্রসঙ্গত উল্লেখ্য, ভারতের কোয়ালিটি মুভমেন্টে অসামান্য নেতৃত্ব, অবদান ও বিশিষ্ট পরিষেবার স্বীকৃতি হিসাবে, ২০১৯ সাল থেকে এই পুরস্কার দেওয়া হচ্ছে।

□ আন্ধ্রা প্রদেশের শ্রীহরিকোটার 'সতীশ ধাওয়ান স্পেস সেন্টার' থেকে সিঙ্গাপুরের ৩টি উপগ্রহ উৎক্ষেপণ করল 'ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা'। এই ৩টি উপগ্রহ হল 'DS-EO' (এটির ওজন ৩৬৫ কেজি), 'NeuSAR' (এটির ওজন ১৫৫ কেজি) ও 'Scoob-1' (এটির ওজন ২.৮ কেজি)। 'PSLV–C53' থেকে এই ৩টি স্যাটেলাইট উৎক্ষেপণ করা হয়েছে। পোলার স্যাটেলাইট লঞ্চ ভেহিক্যাল থেকে এগুলি উৎক্ষেপণ করা হয়। কেন্দ্রীয় সরকারের মহাকাশ বিভাগের একটি কোম্পানি 'নিউস্পেস ইন্ডিয়া লিমিটেড'এর বাণিজ্যিক মিশনের অংশ হিসাবে এটি উৎক্ষেপণ করেছে ইসরো। এটি পিএসএলভি রকেটের ৫৫ তম মিশন। এটি এ'বছরের দ্বিতীয় পিএসএলভি মিশন। এর আগে, ফেব্রুয়ারিতে পিএসএলভি মিশন সফল করেছিল ইসরো।



১৬ দিনে ২ বার জাতীয় রেকর্ড ভেঙে, স্টকহোমে অনুষ্ঠিত, মর্যাদাপূর্ণ 'ডায়মন্ড লিগ প্রতিযোগিতা'য় প্রথম পদক (রুপোর পদক) পেলেন অলিম্পিক্স চ্যাম্পিয়ন নীরজ চোপড়া। এদিন ডায়মন্ড লিগে ৮৯.৯৪ মিটার দূরত্বে জ্যাভলিন ছোঁড়েন নীরজ। যিনি কিছুদিন আগেই 'পাভো নুরমি গেমস'এ ৮৯.৩০ মিটার দূরত্বে জ্যাভলিন ছুঁড়ে জাতীয় রেকর্ড গড়েছিলেন।

□ বেঙ্গালউরুতে বৈদ্যুতিক যানবাহন চার্জিং স্টেশন সম্পর্কে তথ্য প্রদানের জন্য, 'ইভি মিত্র' মোবাইল অ্যাপ চালু করল 'বেঙ্গালউরু ইলেক্ট্রিসিটি কোম্পানি'। বৈদ্যুতিক গাড়ি রিচার্জ করার জন্য প্রতিটি স্টেশনে চার্জের তথ্যও অ্যাপটিতে উল্লেখ করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, 'বেঙ্গালউরু ইলেক্ট্রিসিটি কোম্পানি' বেঙ্গালউরুতে ১৩৬টি চার্জিং স্টেশন চালু করেছে ও আরও ১৫২টি এই ধরনের স্টেশন খুব তাড়াতাড়ি চালু হবে বলে মনে করা হচ্ছে।

**১ জুলাই :** ভারতীয় বিমানবাহিনীর মর্যাদাপূর্ণ সেন্ট্রাল এয়ার কম্যান্ডের এয়ার অফিসার কম্যান্ডিং-ইন-চিফ হিসাবে মনোনীত হলেন এয়ার মার্শাল অমর প্রীত সিং।

□ ইজরায়েলের প্রধানমন্ত্রী হিসাবে মনোনীত হলেন ইয়ার ল্যাপিড।

□ 'ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স'এর প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন ভারতীয় বংশোদ্ভূত সিঙ্গাপুরিয়ান টি.রাজা কুমার।

□ ২০২২ সালে যুক্তরাজ্যে অনুষ্ঠিত, 'এনআরআই ওয়ার্ল্ড সামিট'এ 'শিরোমণি পুরস্কার' পেলেন শিল্পী, ব্যবসায়ী ও সমাজসেবী মিশেল পুনাওয়ালা। শিল্পকলার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পেলেন তিনি। 'হিন্দুজা গ্রুপ'এর কো-চেয়ারম্যান গোপীচাঁদ হিন্দুজা তাঁকে এই পুরস্কার দিয়েছেন। মিশেল ছাড়াও, সাধু ভ্রমবিহারী, লর্ড রামি রেঞ্জার, রীতা হিন্দুজা ছাবরিয়া, ড.কামেল হোথি ওবিই ও ফাল্গুনী শেন পিককেও এই পুরস্কার দেওয়া হয়েছে।

□ 'বিজনেস রিফর্ম অ্যাকশন প্ল্যান ২০২০' কোথায় কতটা বাস্তবায়িত হয়েছে, তার ভিত্তিতে 'ইজ অফ ডুয়িং বিজনেস', অর্থাৎ ভারতের কোন রাজ্যে ব্যবসা করার সুযোগ-সুবিধা বেশি, তার তালিকা তৈরি করল কেন্দ্রীয় সরকার। রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির মধ্যে এই তালিকায় শীর্ষ স্থান পেল আন্ধ্রা প্রদেশ। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে গুজরাত ও তেলেঙ্গানা। এই ক্রমতালিকা তৈরির লক্ষ্য হল, বিনিয়োগকারীদের আস্থা বাড়ানো ও ব্যবসা-বান্ধব পরিবেশ গড়ে তোলা।

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

□ তেলেঙ্গানার রামাগুন্ডামে সম্পূর্ণভাবে চালু হল ভারতের বৃহত্তম ভাসমান সৌর বিদ্যুৎ প্রকল্প। ১০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন ভাসমান সৌর বিদ্যুৎ প্রকল্পের মধ্যে চূড়ান্ত অংশের ২০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন সৌর বিদ্যুৎ প্রকল্পের কাজ শেষ হওয়ার পর এই ঘোষণা করল 'ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন লিমিটেড'। এর ফলে, এখন দেশের দক্ষিণাঞ্চলে ভাসমান সৌর শক্তির মোট বাণিজ্যিক কার্যক্রম ২১৭ মেগাওয়াটে পৌঁছেছে। এর আগে, কেরালার কায়ামকুলামে ৯২ মেগাওয়াট ভাসমান সৌর প্রকল্প ও আন্ধ্রা প্রদেশের সিমহাদ্রিতে ২৫ মেগাওয়াট ভাসমান সৌর প্রকল্প বাণিজ্যিক কার্যক্রম ঘোষণা করেছিল এনটিপিসি। প্রসঙ্গত উল্লেখ্য, এনটিপিসি'র মোট স্থাপিত বিদ্যুৎ শক্তি ক্ষমতা ৬৯,১৩৪.২০ মেগাওয়াটে পৌঁছেছে, যেখানে ২৩টি কয়লা ভিত্তিক, ৭টি গ্যাস ভিত্তিক, ১টি হাইড্রো ও ১৯টি পুনর্নবীকরণযোগ্য শক্তি প্রকল্প রয়েছে।

□ 'নারী কো নমন' প্রকল্প চালু করলেন হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী জয় রাম ঠাকুর। এই প্রকল্পের অধীনে, রাজ্যের মহিলা যাত্রীদের রাজ্যের মধ্যে ভ্রমণের ক্ষেত্রে সরকারি বাস ভাড়ায় ৫০% ছাড় দেওয়া হবে। এজন্য বছরে প্রায় ৬০ কোটি টাকা খরচ করবে রাজ্য সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, প্রতিদিন প্রায় ১.২৫ লাখ মহিলা 'হিমাচল রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন'এর বাসে যাতায়াত করেন।

□ ইংল্যান্ডের ওয়ান ডে ও টোয়েন্টি-২০ দলের অধিনায়ক হিসাবে মনোনীত হলেন জস বাটলার।

**২ জুলাই :** 'আজাদি কা অমৃত মহোৎসব'এর অংশ হিসাবে, ৭৫টি চারা গাছ রোপণ করে, নয়াদিল্লির 'যমুনা' নদীর ওপর কালিন্দী কুঞ্জ ঘাটে 'নমামি গঙ্গে অমৃত ভাটিকা' তৈরি করল 'ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গা'।

□ ২০২২ সালে 'বর্ষসেরা মাইক্রোসফট পার্টনার পুরস্কার' পেল আইটি কোম্পানি 'ইনফর্মেশন টেকনোলজিস'। মাইক্রোসফট প্রযুক্তির ওপর ভিত্তি করে গ্রাহক সমাধান উদ্ভাবন ও বাস্তবায়নের জন্য এই পুরস্কার পেল তারা। স্বাস্থ্যসেবা ও জীবন বিজ্ঞানের জন্য 'বর্ষসেরা মাইক্রোসফট পার্টনার পুরস্কার' (বিশ্ব বিজয়ী) ও 'বর্ষসেরা যুক্তরাজ্য মাইক্রোসফট পার্টনার পুরস্কার' (দেশ বিজয়ী) পেয়েছে তারা।

□ গ্লোবাল হায়ার এডুকেশন কন্সালট্যান্সি 'কোয়াককোয়ারেল্লি সাইমন্ডস'এর তরফ থেকে প্রকাশিত, ২০২৩ সালে 'সেরা শিক্ষার্থীদের শহর' র‍্যাঙ্কিংয়ে ভারতের মধ্যে সেরা শহরের তকমা পেল মুম্বই। বিশ্বের শহরগুলির মধ্যে মুম্বইয়ের স্থান ১০৩। এরপর রয়েছে বেঙ্গালউরু (১১৪), চেন্নাই (১২৫) ও নয়াদিল্লি (১২৯)। প্রসঙ্গত উল্লেখ্য, সারা বিশ্বের মধ্যে শিক্ষার্থীদের জন্য সেরা শহর হিসাবে বিবেচিত হয়েছে লন্ডন।

□ এজবাস্টনে, ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্টের দ্বিতীয় দিন ইংরেজ পেসার স্টুয়ার্ট ব্রডের এক ওভারে ২৯ রান তুললেন ভারতীয় অধিনায়ক জসপ্রীত বুমরা, যা টেস্ট ক্রিকেটের ইতিহাসে এখনও পর্যন্ত এক ওভারে ওঠা সর্বোচ্চ রান। এর আগে এই রেকর্ড ছিল কিংবদন্তি ক্রিকেটার ব্রায়ান লারার দখলে। ২০০৩-'০৪ মরসুমে দক্ষিণ আফ্রিকার স্পিনার রবিন পিটারসেনের এক ওভারে ২৮ রান তুলেছিলেন তিনি।

□ 'ব্রিটিশ ফর্মুলা ওয়ান গ্র্যাঁ প্রি' জিতলেন ফেরারির কার্লোস সেঞ্জ।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## কেন্দ্রীয় সংস্থায় ৬৩০ সায়েন্টিস্ট

১ পাতার পর

অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, বা, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ডি.আর.ডি.ও. -তে ১৪৩টি (জেনাঃ ৫৪, ই.ডব্লু.এস. ১৩, ও.বি.সি. ৪১, তঃজাঃ ২২, তঃউঃজাঃ ১৩)। এ.ডি.এ. ১২টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। ডি.এস.টি.-তে ২টি (তঃজাঃ)।

**মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং** : মেকানিক্যাল, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন, মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ডি.আর.ডি.ও. -তে ১৪৪টি (জেনাঃ ৫২, ই.ডব্লু.এস. ১৪, ও.বি.সি. ৩৯, তঃজাঃ ২৮, তঃউঃজাঃ ১১)। এ.ডি.এ. ১৭টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। ডি.এস.টি.-তে ১টি (তঃউঃজাঃ)।

**কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং** : কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফো টেক., কম্পিউটার সায়েন্স অ্যান্ড সিস্টেম, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড অটোমেশন, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার অ্যান্ড কমিউনিকেশন, কম্পিউটার নেটওয়ার্কিং ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ডি.আর.ডি.ও. -তে ১১৪টি (জেনাঃ ৪৫, ই.ডব্লু.এস. ১০, ও.বি.সি. ৩২, তঃজাঃ ১৮, তঃউঃজাঃ ৯)। এ.ডি.এ. ৪টি (জেনাঃ ২,ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ডি.এস.টি.-তে ২টি (জেনাঃ)।

**ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং** : ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল পাওয়ার সিস্টেম, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড রিনিউয়েবল এনার্জি, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল (কমিউনিকেশন) ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ডি.আর.ডি.ও. -তে ৩০টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৮, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৪)। এ.ডি.এ. ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। ডি.এস.টি.তে ১টি (তঃউঃজাঃ)।

**মেটেরিয়াল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং** : মেটালার্জি অ্যান্ড মেটেরিয়াল টেকনোলজি, মেটালার্জি, মেটেরিয়াল ইঞ্জিনিয়ারিং, মেটেরিয়াল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, মেটেরিয়াল সায়েন্স অ্যান্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ডি.আর.ডি.ও. -তে ১৬টি (জেনাঃ ৯, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

**ফিজিক্স** : ফিজিক্স, ফিজিক্স (ইলেক্ট্রনিক্স), অ্যাপ্লায়েড ফিজিক্স, সলিড স্টেট ফিজিক্স, কমপিউটেশনাল ফিজিক্স, ইঞ্জিনিয়ারিং ফিজিক্স, ফিজিক্স অ্যান্ড ইলেক্ট্রনিক্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ডি.আর.ডি.ও. -তে ২৭টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৭, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২)।

**কেমিস্ট্রি** : কেমিস্ট্রি, অর্গানিক কেমিস্ট্রি, ইনঅর্গানিক কেমিস্ট্রি, অ্যানালিটিক্যাল কেমিস্ট্রি, ফিজিক্যাল কেমিস্ট্রি, অ্যাপ্লায়েড কেমিস্ট্রির প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ডি.আর.ডি.ও. -তে ২৫টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৬, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৩)।

**কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং** : কেমিক্যাল, কেমিক্যাল টেকনোলজি, কেমিক্যাল প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং, অ্যাপ্লায়েড কেমিক্যাল অ্যান্ড পলিমার টেকনোলজি, পলিমার সায়েন্স অ্যান্ড কেমিক্যাল টেকনোলজি ও কেমিক্যাল সায়েন্স অ্যান্ড টেকনোলজির প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ডি.আর.ডি.ও. -তে ২০টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৮, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)। ডি.এস.টি.-তে ১টি (ও.বি.সি.)।

**অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং** : অ্যারোনটিক্যাল, অ্যারোস্পেস ও অ্যাভোনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ডি.আর.ডি.ও. -তে ২৩টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৬, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)। এ.ডি.এ.-তে ৭টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**অঙ্ক** : অঙ্ক, অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স, ম্যাথমেটিক্স অ্যান্ড কমপিউটিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ডি.আর.ডি.ও. -তে ৭টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ১)।

**সিভিল ইঞ্জিনিয়ারিং** : সিভিল, সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল, সিভিল অ্যান্ড এনভায়রণমেন্টাল, সিভিল অ্যান্ড রুরাল, সিভিল অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট, সিভিল অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার, কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্টের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ডি.আর.ডি.ও. -তে ১০টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

**মেটেরিয়াল সায়েন্স**: মেটেরিয়াল সায়েন্স, মেটেরিয়াল সায়েন্স অ্যান্ড ন্যানো টেকনোলজি, ন্যানো সায়েন্স, ন্যানো সায়েন্স অ্যান্ড টেক, ফিজিক্স, ন্যানোটেকনোলজি, মেটেরিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ন্যানো টেকনোলজি, ফিজিক্স (মেটেরিয়াল সায়েন্স)-এর ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ডি.আর.ডি.ও. -তে ১০টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

ওপরের সব ক্ষেত্রে 'গেট' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে।

ডি.আর.ডি.ও. পদের বেলায় বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে, ডি.এস.টি. পদের বেলায় ৩৫ বছরের মধ্যে, এ.ডি.এ. পদের বেলায় বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ২৯-৭-২০২২'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫৬,১০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : 140.

প্রার্থী বাছাই করবেন 'রিক্রুটমেন্ট অ্যান্ড অ্যাসেসমেন্ট সেন্টার (আর.এ.সি.)'। এজন্য প্রথমে গেট পরীক্ষায় পাওয়া স্কোর দেখা হবে। এরপর মোট শূন্যপদের ২৫ গুণ প্রার্থীকে ডেসক্রিপ্টিভ টাইপের পরীক্ষার জন্য ডাকা হবে। পরীক্ষা হবে ১৬ অক্টোবর। এরপর মোট শূন্যপদের ৫ গুণ প্রার্থীকে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৯ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : www.rac.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও স্ক্যান করে নেবেন এইসব প্রমাণপত্র : (ক) বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (খ) এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো, (গ) সিগনেচার, (ঘ) বৈধ গেট স্কোর কার্ড। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। এরপর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করবেন। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## গার্ডেনরীচে ২৪৯ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস' ও 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' হিসাবে ২৪৯ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য : ট্রেড অ্যাপ্রেন্টিস (এক্স-আই.টি.আই.) : ফিটার, ওয়েল্ডার (জি অ্যান্ড ই), ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট, পাইপ ফিটার, কার্পেন্টার, ড্রাফটসম্যান (মেকানিক্যাল), প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রনিক মেকানিক, পেইন্টার, মেকানিক (ডিজেল), ফিটার (স্ট্রাকচারাল), সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট (ইংলিশ), মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্ট, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং মেকানিক ট্রেডে এন.সি.ভি.টি.'র দেওয়া ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা, অল ইন্ডিয়া ট্রেড টেস্ট পাশ করে থাকলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। তবে ফিটার ট্রেডের প্রার্থীরা ফিটার (স্ট্রাকচারাল), পেইন্টার (জেনারেল) ট্রেডের প্রার্থীরা পেইন্টার ট্রেডে, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডের প্রার্থীরা প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ট্রেডের জন্যও যোগ্য। বয়স হতে হবে ১৪ থেকে ২৫ বছরের মধ্যে। ১২ মাসের ট্রেনিং। শূন্যপদ : ১৬৩টি।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ফ্রেশার)** : মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক), ইলেক্ট্রিশিয়ান, পাইপ ফিটার, মেশিনিস্ট। বয়স হতে হবে ১৪ থেকে ২০ বছরের মধ্যে। শূন্যপদ : ৪০টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস** : মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা মেকানিক্যাল শাখার জন্য, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা ইলেক্ট্রিক্যাল শাখার জন্য, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজির প্রার্থীরা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল ও স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা সিভিল শাখার জন্যও যোগ্য। ১২ মাসের ট্রেনিং। ২০২০, ২০২১, ২০২২ সালে যাঁরা পাশ করেছেন, তাঁরাই যোগ্য। বয়স হতে হবে ১৪ থেকে ২৬ বছরের মধ্যে। শূন্যপদ : ১৬টি।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস** : মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ও সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার জন্য যোগ্য। মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল ও স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা সিভিল শাখার জনও যোগ্য। ১২ মাসের ট্রেনিং। ২০২০, ২০২১, ২০২২ সালে যাঁরা পাশ করেছেন, তাঁরাই যোগ্য। বয়স হতে হবে ১৪ থেকে ২৬ বছরের মধ্যে। শূন্যপদ : ৩০টি।

**এইচ.আর. ট্রেনি** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটেরা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট, , পার্সোনেল ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স, সোশ্যাল ওয়ার্ক বা, লেবার ওয়েলফেয়ার-এর পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কিংবা এম.বি.এ. কোর্স পাশরা প্রথম শ্রেণির নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ৬টি।

ওপরের সব ক্ষেত্রেই বয়স গুণতে হবে ১-১-২০২২' এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। ট্রেনিং হবে কলকাতা ও রাঁচীতে। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন। ট্রেড অ্যাপ্রেন্টিস (ফ্রেশার)'দের বেলায় প্রথম বছর মাসে ৬,০০০ টাকা ও দ্বিতীয় বছর মাসে ৬,৬০০ টাকা। ট্রেড অ্যাপ্রেন্টিস (এক্স-আই.টি.আই.) ট্রেডের বেলায় মাসে ৭,০০০ টাকা। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় মাসে ১৫,০০০ টাকা। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস পদের বেলায় কলকাতায় কাজের বেলায় মাসে ১০,০০০ টাকা আর রাঁচীর বেলায় ৯,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : APP:01/22.

শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হবে। এরপর হবে ডাক্তারি পরীক্ষা।

আগ্রহী প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে। ট্রেড অ্যাপ্রেন্টিস পদের বেলায় এই ওয়েবসাইটে : www.apprenticeship.gov.in আর গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় এই ওয়েবসাইটে : https://portal.mhrdnats.gov.in

এরপর দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ জুলাই থেকে ৫ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.grse.in, https://jobapply.in/grse2022app এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের
সিভিল সার্ভিস পরীক্ষায় গত
২ বছরে চাকরি পাওয়া আধিকারিকদের
পরীক্ষা প্রস্তুতি, টিপস, স্টাডি মেটেরিয়াল,
পরীক্ষা হলের স্ট্র্যাটেজি সহ
একগুচ্ছ প্রতিবেদন নিয়ে বেরোল
Appointment & Career News
WBCS / IAS পাশ করতে গেলে লাগবেই...
না পেলে সরাসরি যোগাযোগ করুন :
9830624170

চাকরির পরীক্ষার গাইড

# জেনারেল ইন্টেলিজেন্স

**Direction (Qs. 1 - 4) :** *In each of the following questions select the related word/ letters/number from the given alternatives.*

1. Uttarakhand : Dehradun :: Mizoram : ?
(A) Aizawal (B) Kohima
(C) Shillong (D) Darjeeling

2. Crime : Court :: Disease : ?
(A) Doctor (B) Medicine
(C) Hospital (D) Treatment

3. YQXP : JBIA :: OVNU : ?
(A) FAGZ (B) HRIS
(C) DKCJ (D) DNEO

4. ADGJ : BEHK :: DGJM : ?
(A) KPUB (B) GJMP
(C) KNQT (D) PSVY

5. The following numbers fall in a group. Which one does not belong to the group ?
53, 63, 83, 73
(A) 53 (B) 63 (C) 83 (D) 73

**Direction (Qs. 6 - 9) :** *In each of the following questions find the odd word/ letters/number pair from the given alternatives.*

6. (A) Kolkata (B) Vishakhapatnam (C) Bengaluru (D) Haldia

7. Carrot, Cabbage, Potato, Ginger, Beetroot
(A) Cabbage (B) Carrot (C) Potato (D) Beetroot

8. (A) HGFE (B) PONM (C) DCBA (D) MSTU

9. (A) GFI (B) VUX (C) POR (D) LKM

10. Which one of the given responses would be a meaningful order of the following words ?
A. Sowing B. Tilling
C. Reaping D. Weeding
(A) C, A, B, D (B) B, A, D, C
(C) A, B, D, C (D) A, C, B, D

11. Arrange the colours of the rainbow (in the reverse order) (from the top edge) :
Red, Orange..........
A. Blue B. Indigo C. Yellow
D. Green E. Violet
(A) C, D, A, B, E (B) D, C, B, E, A
